২০২৩ সালের আগস্টের শেষ সপ্তাহে এশিয়া অঞ্চলে আন্তর্জাতিক আইনের জ্ঞান এবং উপলব্ধি ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে জাপানে আয়োজিত হয় আইনের শিক্ষার্থীদের নিয়ে এশিয়ার সবচেয়ে বড় মুট কোর্ট প্রতিযোগিতার ফাইনাল রাউন্ড। এবারের আসরে চ্যাম্পিয়ন হয় ঢাকা বিশ্ববিদ্যালয় মুট কোর্ট সোসাইটি। আন্তর্জাতিক পর্যায়ে এর আগে অন্যান্য স্বীকৃতি থাকলেও এত বড় মাপের প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় মুট কোর্ট সোসাইটির চ্যাম্পিয়ন হওয়ার ঘটনা এটিই প্রথম। এছাড়া প্রতিযোগিতার বেস্ট মেমোরিয়াল অ্যাওয়ার্ড (অ্যাপ্লিক্যান্ট) ও থার্ড বেস্ট মেমোরিয়ালের (রেসপন্ড্যান্ট) স্বীকৃতিও অর্জন করে ঢাকা বিশ্ববিদ্যালয়।

## এশিয়া'জ উইমেন লিডার সম্মাননা

১৭ আগস্ট ২০২৩ সিঙ্গাপুরে জমজমাট আয়োজনের মাধ্যমে মাইন্ডশেয়ার বাংলাদেশের নির্বাহী পরিচালক তাসনুভা আহমেদ টিনাকে এশিয়া'জ উইমেন লিডার সম্মাননায় ভূষিত করে ওয়ার্ল্ড উইমেন লিডারশিপ কংগ্রেস। ওয়ার্ল্ড উইমেন লিডারশিপ কংগ্রেস মূলত বিভিন্ন অঞ্চলের ব্যতিক্রমী নারী নেত্রী ও অগ্রদূতদের জাতীয় ও বৈশ্বিক পর্যায়ে স্বীকৃতি প্রদান করে।

## ভোগ বিজনেসে দুই বাংলাদেশি

'ভোগ বিজনেস ১০০ ইনোভেটরস-২০২৩'-এর তালিকায় এবার জায়গা করে নেয় বাংলাদেশের দুই উদ্যোক্তা মোস্তাফিজ উদ্দিন ও তৌহিদা শিরোপা। মোস্তাফিজ উদ্দিন বাংলাদেশ অ্যাপারেল এক্সচেঞ্জের (BAE) প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং তৌহিদা শিরোপা মনের বন্ধুর প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা। এ তালিকায় উভয়কে 'সাসটেইনেবিলিটি থট লিডার' হিসেবে অভিহিত করা হয়। ফ্যাশনশিল্পকে টেকসই করতে প্রতি বছর এ তালিকা প্রকাশ করে ম্যাগাজিনটি।

## টাইম AI ১০০-এ বাংলাদেশি

৭ সেপ্টেম্বর ২০২৩ টাইম ম্যাগাজিনের ওয়েবসাইটে Artificial intelligence (AI) বা কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে অবদানের জন্য বিশ্বসেরা ১০০ জনের তালিকা প্রকাশ করে।



তালিকায় স্থান পান বাংলাদেশি বংশোদ্ভূত ড. রুম্মান চৌধুরী। তিনি সায়েন্স ও সোশ্যাল সায়েন্সের সমন্বয়ে 'অ্যাপ্লাইড অ্যালগোরিদমিক এথিকস' খাতে কাজ করেছেন। তিনি মূলত কৃত্রিম বুদ্ধিমত্তার নৈতিকতা ও মেশিন লার্নিং নিয়ে কাজ করেন।

## DCO'র সদস্য বাংলাদেশ

১৯ সেপ্টেম্বর ২০২৩ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশনে ডিজিটাল কো-অপারেশন অর্গানাইজেশনের (DCO) সদস্যপদ গ্রহণ করে বাংলাদেশ। বাংলাদেশের পক্ষে DCO সদস্যরাষ্ট্র হওয়ার সনদে স্বাক্ষর করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। DCO'র সদস্য হওয়ায় বাংলাদেশের চারটি সুযোগ তৈরি হয়। প্রথমত, বাংলাদেশের এন্টারপ্রেনিয়র স্টার্টআপদের ব্যবসা করার সুযোগ; দ্বিতীয়ত, বিভিন্ন দেশ থেকে বাংলাদেশে বিনিয়োগ করার সুযোগ; তৃতীয়ত, ১৫টি দেশের পারস্পরিক সহযোগিতার মধ্য দিয়ে সাইবার নিরাপত্তায় আরও বেশি শক্তিশালী হওয়া এবং চতুর্থত, স্টার্টআপ পাসপোর্ট নিয়ে কাজ করা।

## ব্রাউন বিশ্ববিদ্যালয়ের সম্মাননা



১৯ সেপ্টেম্বর ২০২৩ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশেষ সম্মাননায় ভূষিত করে যুক্তরাষ্ট্রের ব্রাউন ইউনিভার্সিটির ওয়ারেন অ্যালপার্ট মেডিকেল স্কুল। জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে কমিউনিটি ক্লিনিক মডেল তৈরির জন্য জাতিসংঘের স্বীকৃতির পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীকে এই বিশেষ সম্মাননায় ভূষিত করা হয়।

## WHO'র আঞ্চলিক পরিচালক পদের নির্বাচনে পুতুল

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চল (SEARO)-এর আঞ্চলিক পরিচালক পদে বঙ্গবন্ধুর নাতনি সায়মা ওয়াজেদ পুতুলকে মনোনয়ন দেয় বাংলাদেশ সরকার। SEARO বিশ্ব স্বাস্থ্য সংস্থার ৬টি আঞ্চলিক অফিসের মধ্যে একটি, যা সদস্য দেশগুলোর প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত হয়।

স্বাধীন ইরাকের প্রথম প্রধানমন্ত্রী নূরী আস সাঈদ

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

বইমেট.কম

## নতুন জাত

■ **কাঁঠাল** ▶ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (BARI) ফল গবেষণা বিভাগের বিজ্ঞানীরা আঠাবিহীন কাঁঠালের একটি জাত উদ্ভাবন করে। জাতটির নাম দেওয়া হয় 'বারি কাঁঠাল-৬'। ২৬ জুন ২০২৩ জাতীয় বীজ বোর্ড জাতটি অবমুক্ত করে। এ জাত উদ্ভাবনের ফলে দেশে পেয়ারা, লটকন, আমের মতো কাঁঠালেরও বাণিজ্যিকভাবে চাষ শুরু হবে। এটি উচ্চফলনশীল জাত ও বারোমাস ফল দেবে। BARI'র উদ্যানতত্ত্ব ও গবেষণা কেন্দ্র এর আগে বারি কাঁঠাল-১, ২ ও ৩ নামের পৃথক উচ্চফলনশীল জাত অবমুক্ত করে।

■ **বাঁশ** ▶ ৭ আগস্ট ২০২৩ কৃষি মন্ত্রণালয়ের জাতীয় বীজ বোর্ড বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটকে (BFRI) নতুন ৩ প্রজাতির বাঁশের নিবন্ধন প্রদান করে। জাতগুলোর নাম দেওয়া হয়— বিবি১ (বরাক বাঁশ থেকে), বিএন১ (মাকলা বাঁশ থেকে) এবং বিএস১ (করজবা বাঁশ থেকে)। ফলে বর্তমানে দেশীয় বাঁশের প্রজাতির সংখ্যা ৪০টি।

## DPDT'র নাম পরিবর্তন

৬ জুলাই ২০২৩ জাতীয় সংসদে The Patents And Designs Act, 1911 রহিতকরণ করে 'বাংলাদেশ শিল্প-নকশা বিল, ২০২৩' পাস হয়। ১১ জুলাই ২০২৩ রাষ্ট্রপতি বিলটিতে স্বাক্ষর করলে আইনে পরিণত হয়। আইনটির ধারা ৩ মোতাবেক 'পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর' নামটি পরিবর্তনক্রমে 'পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর' নামে অভিহিত করা হয়। এজন্য ২৫ জুলাই ২০২৩ অধিদপ্তরে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের পদের নাম পরিবর্তন করা হয়, যা নিম্নরূপ—

| পূর্ববর্তী | বর্তমান |
|---|---|
| রেজিস্ট্রার | মহাপরিচালক |
| ডেপুটি রেজিস্ট্রার | পরিচালক |
| অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার | উপপরিচালক |
| এক্সামিনার | সহকারী পরিচালক |

## সফরনামা

### ফ্রান্সের প্রেসিডেন্টের বাংলাদেশ সফর

১০-১১ সেপ্টেম্বর ২০২৩ বাংলাদেশ সফর করেন ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ। প্রায় ৩৩ বছর পর কোনো ফরাসি প্রেসিডেন্ট বাংলাদেশ সফর করলেন। এর আগে ২০-২৪ ফেব্রুয়ারি ১৯৯০ ফ্রান্সের তৎকালীন প্রেসিডেন্ট ফ্রাঁসোয়া মিতেরাঁ বাংলাদেশ সফর করেন। এবারের সফরকালে দুটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এছাড়া বাংলাদেশ ফরাসি উড়োজাহাজ নির্মাণ সংস্থার তৈরি A350 মডেলের নতুন ১০টি এয়ারবাস ক্রয়ের প্রতিশ্রুতি দেয়। এগুলো দূরপাল্লার, ওয়াইড বডির ও ২ ইঞ্জিনবিশিষ্ট জেট বিমান।



■ **সমঝোতা স্মারক** ▶ ১১ সেপ্টেম্বর ২০২৩ বাংলাদেশ ও ফ্রান্সের মধ্যে অবকাঠামো, স্যাটেলাইটসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বাড়াতে ২টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সমঝোতা স্মারক ২টি হলো— ১. 'অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ERD) ও ফ্রান্স ডেভেলপমেন্ট এজেন্সির (FDA) মধ্যে Improving Urban Governance and Infrastructure Program বিষয়ে ক্রেডিট-সুবিধা চুক্তি' এবং ২. 'বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (BSCL) ও ফ্রান্সের Airbus Defence and Space SAS এর মধ্যে বঙ্গবন্ধু-২ আর্থ অবজারভেশন স্যাটেলাইট সিস্টেম-সম্পর্কিত সহযোগিতার বিষয়ে Letter of Intent (LoI)'।

### প্রধানমন্ত্রীর ভারত সফর

ভারতের রাজধানী নয়াদিল্লিতে অনুষ্ঠিত জি-২০ শীর্ষ সম্মেলনে যোগ দিতে ৮-১০ সেপ্টেম্বর ২০২৩ ভারত সফর করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সার্কভুক্ত দেশের একমাত্র অতিথি রাষ্ট্র হিসেবে বাংলাদেশ এ শীর্ষ সম্মেলনে আমন্ত্রণ পায়। ৮ সেপ্টেম্বর ২০২৩ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও নরেন্দ্র মোদির মধ্যে বৈঠকে দুই দেশের মধ্যে ৩টি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। এগুলো হলো— কৃষি গবেষণা ও প্রশিক্ষণ খাতে সহযোগিতা জোরদার, ২০২৩-২০২৫ সাল পর্যন্ত সাংস্কৃতিক বিনিময় কর্মসূচি এবং রুপি-টাকা বিনিময় সহজ করতে ভারতের এনপিসিআই ইন্টারন্যাশনাল পেমেন্টস লিমিটেড ও বাংলাদেশ ব্যাংকের মধ্যে সমঝোতা।

### বঙ্গবন্ধু স্যাটেলাইট-২

ফ্রান্সের সহায়তায় এবার 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২' উৎক্ষেপণ করা হবে। এটি একটি আর্থ অবজারভেটরি স্যাটেলাইট। এর মাধ্যমে পৃথিবী তথা বাংলাদেশের স্থলভাগ ও জলভাগ পর্যবেক্ষণ করা হবে। 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২' পৃথিবীর ছবি তুলে বাংলাদেশে পাঠাবে। বাংলাদেশে কৃষি ও অন্যান্য ক্ষেত্রে করণীয় অনেক কিছু জানা যাবে। বাংলাদেশের সমুদ্রসীমায় কেউ অনধিকার প্রবেশ কিংবা কোনো অপতৎপরতা চালায় কিনা সেটিও এ স্যাটেলাইটের মাধ্যমে জানা যাবে। ১১ মে ২০১৮ যুক্তরাষ্ট্রের সহায়তায় বাংলাদেশ 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' উৎক্ষেপণ করে। এর মধ্য দিয়ে ৫৭তম দেশ হিসেবে নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশের তালিকায় যুক্ত হয় বাংলাদেশ। ফ্যালকন-৯ রকেটের মাধ্যমে এটি উৎক্ষেপণ করা হয়। এটি বাংলাদেশের প্রথম ভূ-উপরিস্থ যোগাযোগ ও সম্প্রচার উপগ্রহ।



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

## সামরিক প্ল্যাটফর্মে বাংলাদেশ

২০২২ সালে জাপান ইন্দো-প্যাসিফিক অঞ্চলের শান্তি ও স্থিতিশীলতা নিশ্চিত করতে উন্নয়নশীল দেশগুলোর সুবিধার জন্য Official Security Assistance (OSA) নামে একটি নতুন সহযোগিতা কাঠামো তৈরি করে। যার মাধ্যমে সশস্ত্র বাহিনী এবং সংশ্লিষ্ট অন্য সংস্থাগুলোকে প্রয়োজনীয় উপকরণ এবং সরঞ্জাম প্রদানের পাশাপাশি দেশগুলোর নিরাপত্তার ভিত্তিতে অবকাঠামো উন্নয়নে সহায়তা করে দেশটি। ২৬ আগস্ট ২০২৩ ঢাকায় নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনোরি জানান, তাদের OSA কাঠামোর প্রথম ৪টি দেশের মধ্যে বাংলাদেশ নির্বাচিত হয়।


## দুই দেশের সাথে চুক্তি ও সমঝোতা স্মারক

- ১৮ সেপ্টেম্বর ২০২৩ বাংলাদেশ ও হাঙ্গেরির মধ্যে একটি চুক্তি ও দুটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়। এগুলো হলো— অর্থনৈতিক সহযোগিতাবিষয়ক চুক্তি, ২০২৪-২৬ সালের জন্য স্টাইপেনডিয়াম হাঙ্গারিকাম প্রোগ্রামের মধ্যে সহযোগিতা এবং ২০২৩-২৫ সালের জন্য স্বাস্থ্যক্ষেত্রে সহযোগিতার বিষয়ে সমঝোতা স্মারক।
- ১৯ সেপ্টেম্বর ২০২৩ সুন্দরবনের ম্যানগ্রোভ এবং চামড়া ও ট্যানারি খাতের উন্নয়নে বাংলাদেশ ও জার্মানির মধ্যে দুটি প্রযুক্তিগত সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তির প্রকল্পগুলোর শিরোনাম: 'সুন্দরবন ম্যানগ্রোভ এবং সামুদ্রিক সুরক্ষিত অতলস্পর্শী এলাকা (সোয়াচ অব নোগ্রাউন্ড) সমন্বিত ব্যবস্থাপনা' এবং 'ট্যানারিগুলোতে ভালো কাজের পরিবেশ'। প্রকল্পে'র জন্য ৪ মিলিয়ন ইউরো সহায়তা দেওয়া হবে। ৩১ জুলাই ২০২৫-এর মধ্যে এ প্রকল্পের কাজ শেষ হবে। পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীনে মৎস্য অধিদপ্তর প্রকল্পটি বাস্তবায়ন করবে।

## বেসরকারি খাতে বৃহৎ বিদ্যুৎকেন্দ্র

চট্টগ্রামের বাঁশখালীর গণ্ডামারায় নির্মিত এসএস পাওয়ার প্ল্যান্টের ১৩২০ মেগাওয়াট ক্ষমতার কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের বাণিজ্যিক উৎপাদন শুরু হয়। ১৮ সেপ্টেম্বর ২০২৩ রাত ১২টা ১ মিনিট থেকে কেন্দ্রের প্রথম ইউনিটের (৬৬০ মেগাওয়াট) উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডে যোগ হয়। দেশি-বিদেশি অর্থায়নে দেশের প্রথম বৃহৎ বেসরকারি খাতের তাপ বিদ্যুৎকেন্দ্রটির মালিক এস আলম গ্রুপ এবং চীনা কোম্পানি সেপকো থ্রি ও এইচটিজি-এর মালিকানাধীন এসএস পাওয়ার। বিদ্যুৎকেন্দ্রটি ১৪ জানুয়ারি ২০২৩ আনুষ্ঠানিকভাবে জাতীয় গ্রিডের সঙ্গে যুক্ত হয়। ২ ইউনিটের প্রথম ইউনিট থেকে ২৪ মে ২০২৩ পরীক্ষামূলকভাবে বিদ্যুৎ সরবরাহ শুরু হয়। দ্বিতীয় ইউনিট থেকে পরীক্ষামূলকভাবে বিদ্যুৎ সরবরাহ শুরু হয় ২৮ জুন ২০২৩। ২৮,০০০ কোটিরও বেশি ব্যয়ে নির্মিত বিদ্যুৎকেন্দ্রটি একক বেসরকারি বিনিয়োগে এখন পর্যন্ত সর্বোচ্চ। প্রকল্পটিতে শীর্ষস্থানীয় দেশিয় কোম্পানি এস আলমের অংশীদারত্ব ৭০% এবং বাকি ৩০% মালিকানায় রয়েছে চীনা কোম্পানি সেপকো থ্রি ও এইচটিজি। এটি পুরোপুরি উৎপাদনে থাকলে দৈনিক প্রায় ২.৯৩ কোটি ইউনিট ও মাসে প্রায় ৮৮ কোটি ইউনিটের মতো বিদ্যুৎ সরবরাহ করবে জাতীয় গ্রীডে। ১৬ ফেব্রুয়ারি ২০১৬ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও এসএস পাওয়ারের মধ্যে চুক্তি স্বাক্ষরের পর এটির কাজ যৌথভাবে উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ ... সি চিন পিং।

## আন্তর্জাতিক নিউক্লিয়ার ক্লাবে বাংলাদেশ



৫ অক্টোবর ২০২৩ রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের (ইউনিট-১) জ্বালানি হিসেবে ইউরেনিয়াম হস্তান্তর করবে রাশিয়া। এই জ্বালানি সরবরাহ করবে রাশিয়ার রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান টিভিইএল। ইউরেনিয়াম হলো বিদ্যুৎকেন্দ্রটির জ্বালানি। পারমাণবিক প্রকল্প বাস্তবায়নে এটাই চূড়ান্ত ধাপ। কোনো দেশের পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্প এলাকায় জ্বালানি (ইউরেনিয়াম) পৌঁছালে তখন দেশটি আন্তর্জাতিক নিউক্লিয়ার ক্লাবে অন্তর্ভুক্ত হয়। সে হিসেবে অক্টোবরে বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে আন্তর্জাতিক নিউক্লিয়ার ক্লাবের সদস্য হবে।

## বাগেরহাটে ৩০০ মেগাওয়াট সৌরবিদ্যুৎ কেন্দ্র

৩০ আগস্ট ২০২৩ অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে বাগেরহাটের রামপাল উপজেলায় ৩০০ মেগাওয়াট (AC) ক্ষমতার সৌরবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা অনুমোদন দেওয়া হয়। নো ইলেকট্রিসিটি, নো পেমেন্ট শর্তে চারটি প্রতিষ্ঠানকে যৌথভাবে এই বিদ্যুৎকেন্দ্র স্থাপনের অনুমোদন দেয় সরকার। বিদ্যুৎ বিভাগের অধীন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (BPDB) কর্তৃক সৌরবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য সৌদি আরবের অ্যাকোয়া পাওয়ার কোম্পানি, বাংলাদেশের কমফিট কম্পোজিট নিট লিমিটেড, ভিয়েলাটেক্স স্পিনিং লিমিটেড এবং মিডল্যান্ড ইস্ট পাওয়ার লিমিটেডকে অনুমোদন দেওয়া হয়। নির্মাণ কাজ সম্পন্ন হলে এটি হবে দেশের সর্ববৃহৎ সৌরবিদ্যুৎ কেন্দ্র। উল্লেখ্য, বর্তমানে দেশের সবচেয়ে বড় সৌরবিদ্যুৎ কেন্দ্রের নাম তিস্তা সোলার লিমিটেড। এটির বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা ২০০ মেগাওয়াট।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

ইরাক যুক্তরাজ্যের কাছ থেকে স্বাধীনতা লাভ করে ৩ অক্টোবর ১৯৩২

বইমেট.কম



# অর্থ-বাণিজ্য

## CTIF'র লিয়াজোঁ অফিস উদ্বোধন

১২ সেপ্টেম্বর ২০২৩ বাংলাদেশে বাণিজ্য ও বিনিয়োগ সম্ভাবনা বাড়াতে ঢাকায় কমনওয়েলথ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট ফোরাম



(CTIF) এর লিয়াজোঁ অফিস উদ্বোধন করা হয়। অন্যদিকে ১৩-১৪ সেপ্টেম্বর ২০২৩ বাংলাদেশ প্রথমবারের মতো কমনওয়েলথ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট ফোরামের সম্মেলন আয়োজন করে। দু'দিনব্যাপী আন্তর্জাতিক এ সম্মেলনের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কমনওয়েলথ নামে পরিচিত 'কমনওয়েলথ অব নেশনস' ৫৬টি রাষ্ট্রের একটি আন্তর্জাতিক সংস্থা, যার বেশির ভাগ দেশই সাবেক ব্রিটিশ সাম্রাজ্যের অঞ্চল ছিল।

## পঞ্চগড়ে তৃতীয় চা নিলাম কেন্দ্র

২ সেপ্টেম্বর ২০২৩ পঞ্চগড়ে দেশের তৃতীয় চা নিলাম কেন্দ্র আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এর মধ্য দিয়ে চট্টগ্রাম (১৯৪৯) ও মৌলভীবাজারের শ্রীমঙ্গলের (২০০৮) পর দেশের তৃতীয় চা নিলাম কেন্দ্র চালু হয় পঞ্চগড়ে। ২৩ অক্টোবর ২০২২ পঞ্চগড়ে এই নিলাম কেন্দ্র স্থাপনের অনুমোদন দেওয়া হয়। ১৯৯৬ সালে দেশের উত্তরের জেলা পঞ্চগড়ে চা চাষের পরিকল্পনা নেওয়া হয়। ২০০০ সালে শুরু হয় ক্ষুদ্র পর্যায়ে চা চাষ। পঞ্চগড়ে ৮টি নিবন্ধিত ও ২০টি অনিবন্ধিত চা বাগান রয়েছে। উৎপাদনের দিক থেকে চট্টগ্রামকে ছাড়িয়ে এই চা অঞ্চল দেশের দ্বিতীয় বৃহত্তম চা চাষ অঞ্চল হিসেবে পরিচিতি পায়। বর্তমানে দেশে নিবন্ধিত চা বাগান ১৬৮টি।

**নিবন্ধিত চা বাগান**

| জেলা | সংখ্যা |
|---|---|
| মৌলভীবাজার | ৯০ |
| হবিগঞ্জ | ২৫ |
| চট্টগ্রাম | ২২ |
| সিলেট | ১৯ |
| পঞ্চগড় | ৮ |
| রাঙ্গামাটি | ২ |
| ঠাকুরগাঁও | ১ |
| খাগড়াছড়ি | ১ |
| মোট | ১৬৮ |

## দেশের বৃহৎ সার কারখানা

৬ সেপ্টেম্বর ২০২৩ নরসিংদীর পলাশে ঘোড়াশাল-পলাশ ইউরিয়া সার কারখানার কমিশনিং কার্যক্রম উদ্বোধন করা হয়। 'ঘোড়াশাল-পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প' বাস্তবায়ন হলে দেশের সর্ববৃহৎ সার কারখানা হবে এটি। ১৯৭০ সালে নরসিংদীর ঘোড়াশালে ও ১৯৮৫ সালে পলাশে দুটি সার কারখানা প্রতিষ্ঠিত হয়। এরপর সার কারখানা দুটির সক্ষমতা কমে যাওয়ায় ২৪ আগস্ট ২০১৪ প্রধানমন্ত্রী শেখ হাসিনা উক্ত জায়গায় একটি নতুন, আধুনিক প্রযুক্তি ও জ্বালানি সাশ্রয়ী সার কারখানা নির্মাণ করার নির্দেশনা প্রদান করেন। এরপর ৯ অক্টোবর ২০১৮ একনেকে অনুমোদন দেওয়া হয়। ১০ মার্চ ২০২০ সরকার ঘোড়াশাল-পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্পের কাজ শুরু করে। যার দায়িত্ব পায় জাপানি ও চায়নার দুটি ঠিকাদারি প্রতিষ্ঠান। ১১০ একর জমির ওপর নির্মাণাধীন কারখানাটি দৈনিক ২,৮০০ টন হিসাবে বার্ষিক ৯ লাখ ২৪ হাজার টন গ্রানুলার ইউরিয়া সার উৎপাদন করবে।

## জাতীয় ডেবিট কার্ড

১ নভেম্বর ২০২৩ থেকে বিদেশি কার্ড প্রতিষ্ঠানের ওপর নির্ভরতা কমাতে এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভের ওপর চাপ কমাতে 'টাকা পে কার্ড' নামে জাতীয় ডেবিট কার্ড চালু করবে বাংলাদেশ ব্যাংক। প্রাথমিকভাবে ৮টি ব্যাংক নিয়ে পাইলটিং কার্যক্রম করা হবে এবং অভ্যন্তরীণ ব্যবহারের জন্য এটি চালু হবে। পরবর্তীতে টাকা থেকে রুপি কার্ড চালু করা হবে। জাতীয় পর্যায়ে এই কার্ড ব্যবহার হলে গ্রাহকের খরচ কমবে। ২ জুন ২০২৩ বাজেট পরবর্তী সংবাদ সম্মেলনে ন্যাশনাল ডেবিট কার্ড চালুর উদ্যোগ নেওয়ার কথা জানায় বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদার।


## পটুয়াখালীতে নবম ইপিজেড

২৯ আগস্ট ২০২৩ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় পটুয়াখালী ইপিজেড প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। পটুয়াখালী জেলা সদরের আউলিয়াপুর ইউনিয়নের পচাকোড়ালিয়া মৌজায় ৪১৮ একর জায়গার ওপর ইপিজেডটি নির্মিত হবে। সম্পূর্ণ দেশিয় অর্থায়নে নির্মাণ করা হবে পটুয়াখালী ইপিজেড। এটির উন্নয়নে ১,৪৪৩ কোটি টাকা ব্যয় ধরা হয়। এর মধ্যে ১,১০৫ কোটি টাকা সরকার দেবে, যার ৪০% মূলধন (ইকুইটি) বিনিয়োগ। আর বাকি প্রায় ৩৩৮ কোটি টাকা বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (BEPZA) তার নিজস্ব তহবিল থেকে দেবে। ১২ নভেম্বর ২০১৯ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বেপজার ৩৪তম গভর্নর বোর্ড সভায় নতুন তিনটি ইপিজেড স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়। তখন সিদ্ধান্ত হয় প্রস্তাবিত তিনটি ইপিজেড ... গাইবান্ধা, যশোর ও পটুয়াখালীতে।

বর্তমানে বাংলাদেশে মোট ৮টি ইপিজেড রয়েছে। ১৯৮৩ সালে বন্দর নগরী চট্টগ্রামে স্থাপিত হয় দেশের প্রথম ইপিজেড। পরবর্তী তিন দশকের মধ্যে পর্যায়ক্রমে স্থাপিত হয় বাকি ৭টি ইপিজেড। ঢাকা ইপিজেডের কাজ শুরু হয় ১৯৯৩ সালে; পরবর্তীতে বিনিয়োগকারীদের আগ্রহের পরিপ্রেক্ষিতে ১৯৯৭ সালে ইপিজেড সম্প্রসারণের প্রকল্প হাতে নেওয়া হয়।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

ইরাক জাতিসংঘের সদস্যপদ লাভ করে ২১ ডিসেম্বর ১৯৪৫



# সাইবার নিরাপত্তা আইন, ২০২৩

সাইবার নিরাপত্তা আইনের লক্ষ্য হলো ডিজিটাল সিস্টেমস, নেটওয়ার্ক ও তথ্যের নিরাপত্তা প্রদান এবং অনলাইন হুমকি থেকে দেশ, প্রতিষ্ঠান ও জনগণকে রক্ষা করা। ১৩ সেপ্টেম্বর ২০২৩ জাতীয় সংসদে বহুল আলোচিত 'সাইবার নিরাপত্তা বিল, ২০২৩' পাস হয়। পূর্বের ডিজিটাল নিরাপত্তা আইনের ২টি ধারা বাতিল করে নতুন আইনে ৬০টি ধারা করা হয়।

## যেভাবে সাইবার নিরাপত্তা আইন

২০০৬ সালে দেশে প্রথম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন করা হয় যা ২০ সেপ্টেম্বর ২০০৬ জাতীয় সংসদে 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিল, ২০০৬' নামে পাস হয়। ৮ অক্টোবর ২০০৬ রাষ্ট্রপতি বিলটি স্বাক্ষর করলে আইনে পরিণত হয়। ২০১৩ সালে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন সংশোধন করে শাস্তি বৃদ্ধি করে আইনটিকে আরও কঠোর করা হয়। এ ধারাবাহিকতায় ২৯ জানুয়ারি ২০১৮ মন্ত্রিসভা ডিজিটাল নিরাপত্তা আইন নামের একটি নতুন আইনের খসড়া অনুমোদন করে। ১৮ সেপ্টেম্বর ২০১৮ জাতীয় সংসদে 'ডিজিটাল নিরাপত্তা বিল, ২০১৮' পাস হয়। ৮ অক্টোবর ২০১৮ ডিজিটাল নিরাপত্তা আইন কার্যকর করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ আইনের ধারা ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ও ৬৬ বিলুপ্ত করা হয়। এ আইনের বিভিন্ন ধারা নিয়ে বিতর্ক হলে ৭ আগস্ট ২০২৩ মন্ত্রিসভার বৈঠকে ডিজিটাল নিরাপত্তা আইনকে আধুনিকায়ণ করার সিদ্ধান্ত নেয় , যার নাম হয় সাইবার নিরাপত্তা আইন। ২৮ আগস্ট ২০২৩ মন্ত্রিসভা 'সাইবার নিরাপত্তা আইন, ২০২৩' এর খসড়া চূড়ান্ত অনুমোদন করে। এরপর ১৩ সেপ্টেম্বর ২০২৩ জাতীয় সংসদে বহুল আলোচিত 'সাইবার নিরাপত্তা বিল, ২০২৩' পাস হয়। ১৮ সেপ্টেম্বর ২০২৩ রাষ্ট্রপতি বিলটিতে স্বাক্ষর করলে আইনে পরিণত হয়। উল্লেখ্য, ডিজিটাল নিরাপত্তা আইনের অধীনে যেসব মামলা করা হয় সেগুলো চলবে কিন্তু সেসব মামলার কার্যক্রম সাইবার নিরাপত্তা আইন অনুযায়ী হবে।

## সাইবার আইনের উল্লেখযোগ্য ধারা

**৮** ডিজিটাল মাধ্যম থেকে তথ্য-উপাত্ত অপসারণ ও ব্লক করার ক্ষমতা দেওয়া হয়।

**২১** মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধের চেতনা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় সংগীত বা জাতীয় পতাকা সম্পর্কে বিদ্বেষ, বিভ্রান্তি ও কুৎসামূলক প্রচারণা চালানো বা তাতে মদদ দেওয়া হবে অপরাধ। এ অপরাধের জন্য সর্বোচ্চ ৫ বছরের কারাদণ্ড বা ১ কোটি টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডের বিধান রাখা হয় নতুন আইনে যা, ডিজিটাল সিকিউরিটি আইনে ছিল ১০ বছরের কারাদণ্ড বা ১ কোটি টাকা জরিমানার বিধান।

**৩১** কেউ ইচ্ছাকৃতভাবে ওয়েবসাইট বা ডিজিটাল মাধ্যমে কিছু প্রকাশ করলে তা যদি বিভিন্ন শ্রেণি ও সম্প্রদায়ের মধ্যে সম্প্রীতি নষ্ট করে বা আইন শৃঙ্খলার অবনতি ঘটায় তাহলে ৫ বছরের কারাদণ্ড বা সর্বোচ্চ ২৫ লাখ টাকা অর্থদণ্ড কিংবা উভয় দণ্ডের বিধান রাখা হয়।

**৩৪** আইনে মিথ্যা মামলা ও অভিযোগ দায়েরের অপরাধ ও দণ্ড নিয়ে নতুন একটি ধারা যুক্ত করা হয়। এই অপরাধে মামলা বা অভিযোগকারী ব্যক্তি এবং যিনি অভিযোগ করেছেন— ওই ব্যক্তি মূল অপরাধটির জন্য যে দণ্ড নির্ধারিত রয়েছে সে দণ্ডে দণ্ডিত হবেন।

**৪২** বিনা পরোয়ানায় তল্লাশি ও গ্রেপ্তারের ক্ষমতা দেওয়া হয় পুলিশকে। এই ধারাটি ডিজিটাল নিরাপত্তা আইনেও ছিল।

### জামিন অযোগ্য ধারা

নতুন আইনে ৪টি ধারা জামিন অযোগ্য রাখা হয়। ধারাগুলো হলো—

- ১৭ গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোতে বে-আইনি প্রবেশ।
- ১৯ কম্পিউটার, কম্পিউটার সিস্টেম, ইত্যাদির ক্ষতিসাধন ও দণ্ড।
- ২৭ সাইবার সন্ত্রাসীকার্য সংঘটনের অপরাধ ও দণ্ড।
- ৩২ হ্যাকিং সংক্রান্ত অপরাধ ও দণ্ড।

## জাতীয় সাইবার নিরাপত্তা কাউন্সিল

এছাড়াও এই আইনের মাধ্যমে সরকার জাতীয় সাইবার নিরাপত্তা কাউন্সিল গঠন করবে। যার সদস্য হবে ১৬ জন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী এর চেয়ারম্যান হবেন। মহাপরিচালক কাউন্সিলের কার্যসম্পাদনে সাচিবিক সহায়তা প্রদান করবেন।

## জাতীয় সাইবার নিরাপত্তা এজেন্সি

এ আইন বাস্তবায়ন করার লক্ষ্যে ১ জন মহাপরিচালক ও বিধি দ্বারা নির্ধারিত সংখ্যক পরিচালকের সমন্বয়ে জাতীয় সাইবার নিরাপত্তা এজেন্সি নামে একটি এজেন্সি গঠন করা হবে। এজেন্সির প্রধান কার্যালয় ঢাকায় হবে, তবে সরকার, প্রয়োজনে ঢাকার বাহিরে দেশের যে কোনো স্থানে এর শাখা কার্যালয় স্থাপন করতে পারবে। এজেন্সি প্রশাসনিকভাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সাহিত সংযুক্ত হবে। এজেন্সির ক্ষমতা, দায়িত্ব ও কার্যাবলি বিধি দ্বারা নির্ধারিত হবে।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

বইমেট.কম

# বি শ্ব জু ড়ে



## লিবিয়ায় ভয়াবহ বন্যা

১০ সেপ্টেম্বর ২০২৩ ভূমধ্যসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় 'ড্যানিয়েল'-এর প্রভাবে ভারী বৃষ্টির কারণে পূর্ব লিবিয়াজুড়ে প্রাণঘাতী বন্যার সৃষ্টি হয়। এ বন্যায় দুটি বাঁধ ভেঙে যায়। দেশটির দেরনার মধ্যাঞ্চল দিয়ে কয়েক মিটার উঁচু পানির প্রবাহ সৃষ্টি হয়। বন্যায় উপকূলীয় শহর দেরনায় মৃতের সংখ্যা প্রায় ১২,০০০। গৃহহীন হয় প্রায় ৩০,০০০ মানুষ। দেরনা লিবিয়ার দ্বিতীয় বৃহত্তম শহর, যা বেনগাজি থেকে ১৯০ মাইল পূর্বে অবস্থিত। প্রায় এক লাখ মানুষের বাসস্থান দেরনায় কাছাকাছি শহর রক্ষা দুটি বাঁধের ফাটল থেকেই সৃষ্টি হয় বন্যার। বাঁধ দুটি হলো-আবু মনসুর ও আল বিলাদ বাঁধ। ১৯৭০-এর দশকে দুটি বাঁধই নির্মাণ করে একটি যুগোস্লাভ কোম্পানি।

## বৈশ্বিক জৈব জ্বালানি জোট

প্রকৃতি রক্ষায় জলবায়ু পরিবর্তন মোকাবিলায় জীবাশ্ম জ্বালানি নির্ভরতা কমিয়ে জৈব জ্বালানির ব্যবহার বাড়াতে গঠিত হয় বিশ্ব জৈব জ্বালানি জোট (Global Biofuel Alliance-GBA)। ৯ সেপ্টেম্বর ২০২৩ ভারতের রাজধানী নয়াদিল্লিতে অনুষ্ঠিত জি-২০ শীর্ষ সম্মেলনে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এ জোট গঠনের ঘোষণা দেন। এ জোটের প্রাথমিক লক্ষ্য পেট্রোলের সঙ্গে ২০% 'ইথানল' মেশানো। এর ফলে জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমবে। তাতে দূষণের মাত্রাও কমবে, যা জলবায়ু পরিবর্তন মোকাবিলায় কিছুটা সহায়ক হবে। জোট ঘোষণার সময় আর্জেন্টিনা, বাংলাদেশ, ব্রাজিল, ইতালি, সিঙ্গাপুর, মরিশাস, যুক্তরাষ্ট্র ও সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রপ্রধানরা উপস্থিত ছিলেন।

## বিশ্বের প্রথম জলবায়ু মামলা

১১ সেপ্টেম্বর ২০২৩ জাতিসংঘের সামুদ্রিক আদালতে বিশ্বের প্রথম জলবায়ু মামলার শুনানি হয়। মহাসাগরগুলোর সুরক্ষার জন্য ৯টি ছোট দ্বীপরাষ্ট্রের নেতারা International Tribunal for the Law of the Sea (ITLOS)-এ করা মামলার পরিপ্রেক্ষিতেই এ শুনানি হয়। সাগরে কার্বন ডাইঅক্সাইড নির্গমনকে দূষণ হিসেবে বিবেচনা করা যায় কি না তা নির্ধারণ এবং যদি নির্ধারণ করা সম্ভব হয় তবে তা প্রতিরোধ করার জন্য এ মামলাটি করা হয়। মামলার বাদী দ্বীপদেশগুলো হলো— এন্টিগুয়া অ্যান্ড বারবুডা, ভানুয়াতু, বাহামাস, পালাউ, নিউ, টুভ্যালু, সেন্ট কিটস অ্যান্ড নেভিস, সেন্ট লুসিয়া, সেন্ট ভিনসেন্ট অ্যান্ড দি গ্রানাডাইস।

## গভীর সমুদ্র চুক্তি স্বাক্ষর


২০ সেপ্টেম্বর ২০২৩ গভীর সমুদ্রে সম্পদ আহরণ ও তার সুষ্ঠু ব্যবহার সংক্রান্ত চুক্তি Marine Biological Diversity of Areas Beyond National Jurisdiction জাতিসংঘ সদর দপ্তরে স্বাক্ষরের জন্য উন্মুক্ত করা হয়। এটি High Seas Treaty নামেও পরিচিত। বাংলাদেশের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। স্বাক্ষরকারী ৬০টি দেশ অনুমোদন করলে ১২০ দিন পর চুক্তিটি কার্যকর হবে। আর চুক্তিটি ২০ সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত জাতিসংঘের সদর দপ্তরে স্বাক্ষরের জন্য উন্মুক্ত থাকবে। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধিতে অর্ধেক পৃথিবী তলিয়ে যাওয়া রোধে অত্যাবশ্যকীয় পদক্ষেপ গ্রহণে ৪ মার্চ ২০২৩ জাতিসংঘের সদস্য রাষ্ট্রগুলো এ চুক্তির খসড়ায় স্বাক্ষরে সম্মত হয়। ১৯ জুন ২০২৩ জাতিসংঘ সাধারণ পরিষদে আনুষ্ঠানিকভাবে গৃহীত হয়। চুক্তির শর্তগুলোর মধ্যে রয়েছে— মেরিন প্রটেক্টেড অঞ্চলে সম্পদ আহরণ করা যাবে না, উন্নয়নশীল দেশগুলো যাতে গভীর সমুদ্রে সম্পদ আহরণ করতে পারে তার জন্য সক্ষমতা বৃদ্ধি ও প্রযুক্তি হস্তান্তর, অতিরিক্ত মাত্রায় মাছ ধরা বন্ধ, পরিবেশের ওপর প্রভাব পর্যালোচনা, সমুদ্রদূষণ রোধ এবং গবেষণার জন্য অর্থ ব্যয় করতে হবে।

জাতিসংঘের নিয়ম অনুযায়ী, যেকোনো দেশের তটরেখা বা উপকূল থেকে ৩৫০ নটিক্যাল মাইল পর্যন্ত যে সমুদ্রসীমা, সেটির ওপর ওই দেশেরই অধিকার রয়েছে। এরমধ্যে ২০০ নটিক্যাল মাইল পর্যন্ত পানিতে ভাসমান মাছসহ অন্যান্য সম্পদ এবং সমুদ্রের তলদেশে যে সম্পদ রয়েছে, সবকিছুর মালিক ওই দেশ। কিন্তু ২০০ নটিক্যাল মাইলের বাইরে শুধু সমুদ্রের তলদেশের সম্পদের মালিক সেই দেশ আর ভাসমান সম্পদ অন্য যেকোনো দেশ আহরণ করার অধিকার রাখে। নতুন চুক্তি অনুযায়ী, ২০০ নটিক্যাল মাইলের পর ভাসমান সম্পদ, যা 'মেরিন জেনেটিক রিসোর্সেস' নামে পরিচিত, অন্য কোনো দেশ বা কোম্পানি তা আহরণ করলে সেটির একটি অংশ ওই অঞ্চলের মালিকানা যে দেশের, তাকে দিতে হবে।

ইরাক কুয়েত দখল করে ২ আগস্ট ১৯৯০

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

## গ্যাবনে সেনা অভ্যুত্থান



৩০ আগস্ট ২০২৩ আফ্রিকার দেশ গ্যাবনে সেনা অভ্যুত্থান ঘটে। প্রেসিডেন্ট আলি বঙ্গো ওন্দিম্বাকে ক্ষমতাচ্যুত করে তারই ব্যক্তিগত নিরাপত্তায় নিয়োজিত থাকা সেনাবাহিনী। একই সাথে উৎখাতকারী সৈন্যরা দেশটির নতুন নেতা হিসেবে প্রেসিডেন্সিয়াল গার্ডের প্রধান ব্রাইস ক্লটাইর ওলিগুই এনগুয়েমারের নাম ঘোষণা করে। ৪ সেপ্টেম্বর ২০২৩ অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট হিসেবে জেনারেল ব্রাইস ওলিগুই এনগুয়েমা দায়িত্ব গ্রহণ করেন। তিনি ক্ষমতাচ্যুত প্রেসিডেন্টের বাবা ওমর বঙ্গোর সহকারী-ডি-ক্যাম্প ছিলেন। ২০১৮ সালে তাকে এলিট রিপাবলিকান গার্ডের অধীনে গোয়েন্দা প্রধান করা হয়।

■ **পারিবারিক শাসনের অবসান** ➤ প্রেসিডেন্ট আলি বঙ্গো ওন্দিম্বাকে উৎখাত করার মাধ্যমে গ্যাবনে ৫৬ বছরের পারিবারিক শাসনের অবসান ঘটে। ২ ডিসেম্বর ১৯৬৭ তার পিতা ওমর বঙ্গো ক্ষমতা গ্রহণ করেন। ১২ মার্চ ১৯৬৮ গ্যাবোনিজ ডেমোক্র্যাটিক পার্টি (PDG) প্রতিষ্ঠা করেন। ৮ জুন ২০০৯ মৃত্যু হয়। ১৬ অক্টোবর ২০০৯ তার ছেলে তৎকালীন প্রতিরক্ষামন্ত্রী আলি বোঙ্গো ওনদিম্বা প্রেসিডেন্ট হন। এরপর ২৬ আগস্ট ২০২৩ বিতর্কিত নির্বাচনে তৃতীয় মেয়াদে জয়লাভ করেন প্রেসিডেন্ট আলি বঙ্গো ওনদিম্বা। নির্বাচনে বঙ্গো ভোট পান ৬৪.২৭% ও তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আলবার্ট ওন্ডো পান ৩০.৭৭%।

■ **অন্তর্বর্তীকালীন প্রধানমন্ত্রী** ➤ ক্ষমতাচ্যুত প্রেসিডেন্ট আলি বঙ্গোর বিরোধী রেমন্ড এনডং সিমাকে ৭ সেপ্টেম্বর ২০২৩ অন্তর্বর্তীকালীন প্রধানমন্ত্রী মনোনীত করা হয়। ২৭ ফেব্রুয়ারি ২০১২-২৭ জানুয়ারি ২০১৪ এনডং সিমা বঙ্গো সরকারের প্রধানমন্ত্রী ছিলেন।

## বিশ্ব পানি সংস্থা

৪ সেপ্টেম্বর ২০২৩ সৌদি আরবের যুবরাজ মোহাম্মদ বিন সালমান 'বিশ্ব পানি সংস্থা' প্রতিষ্ঠার ঘোষণা দেন। নবগঠিত সংস্থাটির সদর দপ্তর হবে রিয়াদে। এ সংস্থার উদ্দেশ্যগুলো হবে জ্ঞান ও দক্ষতার বিনিময়, জলীয় প্রযুক্তির অগ্রগতি, উদ্ভাবনের উদ্দীপনা, গবেষণা ও উন্নয়ন অভিজ্ঞতা ভাগ করে নেওয়া। সংস্থাটি বিশ্বের সবার জন্য পানির প্রাপ্যতা নিশ্চিত করার সঙ্গে সঙ্গে পানি সম্পদের দীর্ঘমেয়াদী স্থায়িত্ব নিশ্চিত করার লক্ষ্যে কাজ করবে ও উচ্চ-অগ্রাধিকারমূলক প্রকল্প পরিচালনাসহ অর্থায়নে সক্রিয় সমর্থন দেবে।

## সংবিধান পরিবর্তনে অস্ট্রেলিয়ায় গণভোট

১৪ অক্টোবর ২০২৩ অস্ট্রেলিয়ায় গণভোট অনুষ্ঠিত হবে। গণভোটে 'হ্যাঁ' জয়ী হলে অস্ট্রেলিয়ার ইতিহাসে প্রায় ৫০ বছরের মধ্যে প্রথমবারের মতো সংবিধানে পরিবর্তন আনবে দেশটি। দেশটিতে আদিবাসীদের জন্য Aboriginal and Torres Strait Islander Voice বা The Voice নামে নতুন একটি সংসদীয় উপদেষ্টা পরিষদ গঠিত হবে। আদিবাসীদের জন্য এটি একটি আনুষ্ঠানিক সংস্থা হবে। নির্বাচিত প্রতিনিধিরাই থাকবেন এই পরিষদে। আদিবাসীদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে কথা বলার পাশাপাশি নীতিমালা গ্রহণের ক্ষেত্রে পার্লামেন্টকে তারা পরামর্শ দেবেন। তবে অস্ট্রেলিয়ায় সাংবিধানিক গণভোট বিরল এবং পাস করাও কঠিন। ১৯০৬ সাল থেকে এখন পর্যন্ত ৪৪টি প্রচেষ্টার মধ্যে মাত্র ৮টি সফল হয়েছে।

## নতুন অর্থনৈতিক করিডর IMEC

৯ সেপ্টেম্বর ২০২৩ জি-২০ সম্মেলনে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ভারতকে মধ্যপ্রাচ্য ও ইউরোপের সঙ্গে যুক্ত করে রেল ও শিপিং করিডর নির্মাণ পরিকল্পনার ঘোষণা করেন। একই সাথে এ প্রকল্প রূপায়ণে একটি অনুচুক্তি স্বাক্ষরিত হয়। ভারত ছাড়াও সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, ফ্রান্স, জার্মানি, ইতালি, যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়ন এতে স্বাক্ষর করে। অর্থনৈতিক প্রবৃদ্ধি ও রাজনৈতিক সহযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে এ করিডর নির্মিত হবে। করিডরটি ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ অর্থনৈতিক করিডর বা India-Middle East-Europe Economic Corridor (IMEC) নামে পরিচিত। ২০২২ সালের জুলাইয়ে সৌদি আরবের জেদ্দা সফরের সময় জো বাইডেন এ প্রকল্পের কার্যক্রম শুরু করেন। এ করিডর চীনের আন্তরাষ্ট্রীয় অবকাঠামো প্রকল্প Belt and Road Initiative (BRI) গঠনগত ও ভাবাদর্শগত বিকল্প হবে বলে ধারণা করা হচ্ছে।




IMEC মূলত একটি 'রেল ও শিপিং করিডর' হিসেবে দেখা হলেও এ রুট বরাবর ইলেকট্রিসিটি ক্যাবল, একটি হাইড্রোজেন পাইপলাইন ও হাইস্পিড ডেটা ক্যাবলও বসানো হবে।

- করিডরটি ভারতের পশ্চিম উপকূল (আরব সাগর) থেকে শুরু হয়ে প্রথমে সমুদ্রপথে আমিরাতের উপকূলে গিয়ে ভিড়বে।
- দুবাইয়ের জেবেল আলি বন্দর থেকে করিডরটি এরপর রেলপথে আমিরাত, সৌদি আরব, জর্ডান হয়ে ইসরায়েলের হাইফা বন্দর পর্যন্ত যাবে।
- তৃতীয় বা শেষ ধাপে এ করিডরটি হাইফা থেকে ভূমধ্যসাগর হয়ে গ্রিস, ইতালি বা ফ্রান্সের বন্দরগুলোতে গিয়ে ভিড়বে।
- করিডরের সৌদি আরব থেকে (জর্ডান হয়ে) ইসরায়েলের মধ্যে রেল সংযোগের কথাও বলা হয়।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

ইরাক কুয়েত দখল করার ফলে প্রথম উপসাগরীয় যুদ্ধ শুরু হয়

বইমেট.কম



## চীনের মানচিত্রে অরুণাচল

২৮ আগস্ট ২০২৩ চীন নতুন মানচিত্র (2023 edition of the standard map of China) প্রকাশ করে। এতে ভারতের অরুণাচল প্রদেশকে চীনের অংশ হিসেবে দেখানো হয়। সেই সঙ্গে মানচিত্রে অন্তর্ভুক্ত করা হয় দুই দেশের সীমান্তবর্তী আকসাই চীনকেও, যা বেইজিংয়ের নিয়ন্ত্রণে। নতুন মানচিত্রে তাইওয়ান ও বিরোধপূর্ণ দক্ষিণ চীন সাগরে বেশ কিছু এলাকাও অন্তর্ভুক্ত করে চীন। এসব বিরোধপূর্ণ অঞ্চলের দ্বীপগুলোকে প্রতিবেশী দেশ যেমন- জাপান, ভিয়েতনাম, ফিলিপাইন, মালয়েশিয়াও নিজেদের বলে দাবি করে। অরুণাচল প্রদেশকে চীন 'জাংনান' বলে ডাকে। তাদের চোখে এ রাজ্য দক্ষিণ তিব্বতের অংশ। এর আগে ৩ এপ্রিল ২০২৩ অরুণাচল প্রদেশের ১১টি অঞ্চলের নাম পরিবর্তনের তালিকা প্রকাশ করে চীন।

## নতুন সাবমেরিন উদ্বোধন

৬ সেপ্টেম্বর ২০২৩ উত্তর কোরিয়া নতুন সাবমেরিন উদ্বোধন করে। ৮৪১ নম্বরের সাবমেরিনটির নামকরণ করা হয় কোরিয়ার ঐতিহাসিক ব্যক্তিত্ব কিম কুন ওকের নামে। এ সাবমেরিন পরমাণু অস্ত্র বহন করতে পারে। দূরপাল্লার ব্যালিস্টিক মিসাইল, অল্প দূরত্বের ব্যালিস্টিক মিসাইল, এমনকি ক্রুজ মিসাইলও সাবমেরিন থেকে ছোড়া যায়। উত্তর কোরিয়ার কাছে আরও সাবমেরিন রয়েছে।

## আমিরাতে ৮২ দেশের অন অ্যারাইভাল ভিসা

২৮ আগস্ট ২০২৩ সংযুক্ত আরব আমিরাত ৮২ দেশের নাগরিকদের জন্য অন অ্যারাইভাল ভিসা সুবিধা ঘোষণা করে। অর্থাৎ, মধ্যপ্রাচ্যের দেশটি ভ্রমণে আগে থেকে ভিসা সংগ্রহ করতে হবে না। এই দেশগুলোর নাগরিকরা সেখানে পৌঁছে ভিসা নিতে পারবেন। সরকারি ওয়েবসাইটের সর্বশেষ তথ্য অনুসারে, সংযুক্ত আরব আমিরাতে প্রবেশের জন্য ১১৫টি দেশের নাগরিকদের ভিসা লাগবে।

## ইসরায়েলে হামলায় সক্ষম ড্রোন

২২ আগস্ট ২০২৩ পরমাণু শক্তিসমৃদ্ধ দেশ ইরান নতুন একটি ড্রোন উন্মোচন করে। এই ড্রোন ইসরায়েলে হামলা চালাতে সক্ষম। ইরানের প্রতিরক্ষা শিল্প দিবস উদ্‌যাপনের দিন দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয় মোহাজের-১০ নামের ড্রোনটি উন্মোচন করে। এর সর্বনিম্ন পাল্লা ২০০০ কিলোমিটার। ইরানের নতুন ড্রোনটির সঙ্গে যুক্তরাষ্ট্রের এমকিউ-৯ রিপার ড্রোনের মিল রয়েছে।

## সিঙ্গাপুরের নতুন প্রেসিডেন্ট

১ সেপ্টেম্বর ২০২৩ সিঙ্গাপুরে অনুষ্ঠিত প্রেসিডেন্ট নির্বাচনে নবম প্রেসিডেন্ট নির্বাচিত হন দেশটির সাবেক উপপ্রধানমন্ত্রী থারমান শানমুগারাতনাম। ভারতীয়



বংশোদ্ভূত অর্থনীতিবিদ থারমান সিঙ্গাপুরের রাজনৈতিক দল পিপলস অ্যাকশন পার্টির (PAP) সাবেক নেতা। ১৪ সেপ্টেম্বর ২০২৩ তিনি হালিমা ইয়াকুবের স্থলাভিষিক্ত হন। হালিমা ইয়াকুব সিঙ্গাপুরের প্রথম নারী প্রেসিডেন্ট। সিঙ্গাপুরের সংবিধান মতে, প্রেসিডেন্ট হলো দেশটির নির্দলীয় একটি পদ। সরকার পরিচালিত হয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে। বর্তমানে PAP'র নেতা লি সিয়েন লুং সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী।

## প্রথম বিদেশি রাষ্ট্রদূত পেল তালেবান

১৫ আগস্ট ২০২১ ক্ষমতা দখলের পর কোনো দেশ তালেবান সরকারকে স্বীকৃতি দেয়নি। তবে প্রথম দেশ হিসেবে আফগানিস্তানে রাষ্ট্রদূত নিয়োগ দেয় চীন। ১৩ সেপ্টেম্বর ২০২৩ কাবুলে আয়োজিত এক অনুষ্ঠানে তালেবান সরকারের কাছে নিজের পরিচয়পত্র তুলে ধরেন চীনের নব-নিযুক্ত রাষ্ট্রদূত ঝাও জিন।

## ওমরাহ পালনে নারীদের পোশাকবিধি

১৬ সেপ্টেম্বর ২০২৩ সৌদি আরবের পবিত্র মক্কার গ্র্যান্ড মসজিদে ওমরাহ পালনের ক্ষেত্রে নারীদের জন্য পোশাকবিধি নির্ধারণ করে দেশটির হজ ও ওমরাহ মন্ত্রণালয়। ওমরাহর আনুষ্ঠানিকতা পালনের সময় মুসলিম নারীদের পছন্দসই পোশাক পরার অধিকার রয়েছে। তবে এ ক্ষেত্রে তাদের অবশ্যই কিছু নির্দিষ্ট নিয়মনীতি মেনে চলতে হবে। তার মধ্যে উল্লেখযোগ্য পোশাকবিধি হলো— নারীদের পোশাক অবশ্যই ঢিলেঢালা হতে হবে ♦ পোশাকে কোনো আলংকারিক উপাদান থাকা যাবে না ♦ এমন পোশাক পরতে হবে, যা পুরো শরীর ঢেকে রাখে।

## বাহরাইনে দূতাবাস উদ্বোধন


৪ সেপ্টেম্বর ২০২৩ ইসরায়েলের পররাষ্ট্রমন্ত্রী এলি কোহেন বাহরাইনে ইসরায়েলের নতুন দূতাবাস উদ্বোধন করেন। যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ১৫ সেপ্টেম্বর ২০২০ সাক্ষরিত আব্রাহাম চুক্তির আওতায় ৪টি আরব দেশের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করে ইসরায়েল। দেশগুলো হলো— সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, সুদান ও মরক্কো।

## জেরুজালেমে পাপুয়া নিউগিনির দূতাবাস

৫ সেপ্টেম্বর ২০২৩ ফিলিস্তিনের অধিকৃত জেরুজালেমে দ্বীপরাষ্ট্র পাপুয়া নিউগিনি দূতাবাস উদ্বোধন করে। ১৯৬৭ সালে ৬ দিনের আরব-ইসরায়েল যুদ্ধে জেরুজালেম দখলের পর ইসরায়েল তা নিজেদের ভূখণ্ড হিসেবে দাবি করে। ৩০ জুলাই ১৯৮০ ইসরায়েল আইন পাসের মাধ্যমে জেরুজালেমকে নিজেদের রাজধানী হিসেবে ঘোষণা করে। ১৪ মে ২০১৮ ইসরায়েলে মার্কিন দূতাবাস তেলআবিব থেকে জেরুজালেমে স্থানান্তর করা হয়। এরপর ১৬ মে ২০১৮ গুয়াতেমালা, ১৪ মার্চ ২০২১ কসোভো এবং ২৪ জুন ২০২১ হন্ডুরাস জেরুজালেমে দূতাবাস চালু করে।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

উপসাগরীয় যুদ্ধ হয় ২ আগস্ট ১৯৯০-১৭ জানুয়ারি ১৯৯১




## বাংলা দিবস

২৮ আগস্ট ২০২৩ বাংলা দিবস নিয়ে সর্বদল কনভেনশনের ডাক দেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কনভেনশনের দুটি উদ্দেশ্য— প্রথমত, রাজ্যের নির্দিষ্ট দিবস চূড়ান্ত করা আর দ্বিতীয়ত, নিজস্ব গান নির্ধারণ করা। কনভেনশনে পশ্চিমবঙ্গ দিবস অর্থাৎ 'বাংলা দিবস' হিসেবে বেছে নেওয়া হয় পহেলা বৈশাখকে। সেই সঙ্গে পশ্চিম বাংলার রাজ্য গান হিসেবে বেছে নেওয়া হয় কবিগুরুর লেখা 'বাংলার মাটি-বাংলার জল' গানটিকে। ৭ সেপ্টেম্বর ২০২৩ পশ্চিমবঙ্গের বিধানসভায় এ প্রস্তাবটি পাস হয়।

## নতুন সংসদ ভবনের পথচলা শুরু

১৯ সেপ্টেম্বর ২০২৩ ভারতের পুরোনো সংসদ ভবনকে বিদায় জানিয়ে নতুন সংসদ ভবনে প্রথম অধিবেশন শুরু হয়। নতুন সংসদ ভবনের নাম রাখা হয়েছে 'পার্লামেন্ট হাউজ অব ইন্ডিয়া'। পুরোনো ভবনের নাম হবে 'সংবিধান সদন'। ১৮ সেপ্টেম্বর ২০২৩ পুরোনো সংসদ ভবনে শেষ অধিবেশন বসে। ব্রিটিশ আর্কিটেক্ট লুটিয়েনের তৈরি ওই গোল ভবনে ১৫ আগস্ট ১৯৪৭ মধ্যরাতে প্রথম স্বাধীন ভারতের পক্ষে বক্তৃতা দেন জওহরলাল নেহরু। আর ১৮ সেপ্টেম্বর ২০২৩ শেষ ভাষণ দেন নরেন্দ্র মোদি। ২৮ মে ২০২৩ উদ্বোধন হয় নতুন সংসদ ভবনের। নতুন সংসদ ভবনের মোট ৬টি প্রবেশদ্বার রয়েছে। প্রবেশদ্বারগুলো হলো— গজদ্বার, অশ্বদ্বার, গরুড়দ্বার, মকরদ্বার, শার্দূলদ্বার এবং হংসদ্বার। নতুন লোকসভা হলে মোট আসনের সংখ্যা ৮৮৮। রাজ্যসভা হলের মোট আসন সংখ্যা ৩০০টি।

## নেপালে বিদ্যুৎ রপ্তানি

ভারত থেকে এক বছরে ১৯.৪৪ বিলিয়ন নেপালি রুপির (প্রায় ১,৬০৬ কোটি টাকা) বিদ্যুৎ আমদানি করে নেপাল। এ সময় ভারত থেকে দেশটির মোট রপ্তানি আয় ছিল ১০.১০ বিলিয়ন রুপি। অর্থাৎ, ভারত থেকে রপ্তানি আয়ের প্রায় দ্বিগুণ টাকার বিদ্যুৎ ক্রয় করে নেপাল। ২৯ আগস্ট ২০২৩ নেপাল বিদ্যুৎ কর্তৃপক্ষ (NEA) জানায়, ২০২২-২৩ অর্থবছরে ভারত থেকে নেপাল এ বিদ্যুৎ আমদানি করে। বিদ্যুৎ রপ্তানিকারক দেশ হতে চাওয়া নেপালে শুষ্ক মৌসুমে অভ্যন্তরীণ উৎপাদন তীব্রভাবে কমে যায়। ফলে NEA বিদ্যুৎ কেনার জন্য বড় খরচ করতে বাধ্য হয়। ২০২১-২২ অর্থবছরে নেপাল ১,৩৩৩ গিগাওয়াট বিদ্যুৎ রপ্তানি করে এবং ১,৮৩৩ গিগাওয়াট আমদানি করে। দীর্ঘমেয়াদি খরার কারণে নেপালের অভ্যন্তরীণ বিদ্যুৎ উৎপাদন কমে যায়। উল্লেখ্য, নেপালে ২০১৯-২০ অর্থবছর থেকে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি পাওয়ায় আমদানি প্রবণতা নিম্নমুখী রয়েছে।

## এবার সমুদ্র মিশন

২৩ আগস্ট ২০২৩ চন্দ্র জয়ের পর ২ সেপ্টেম্বর ২০২৩ সূর্যেও মহাকাশযান পাঠায় ভারত। এবার সমুদ্র জয়ের পথে দেশটি। অতল সাগরের গভীরে নামবে ভারতের প্রথম সমুদ্রযান 'মৎস্য-৬০০০'। এ লক্ষ্যে গভীর সমুদ্রে মিশন উপযোগী সাবমারসিবল বা ডুবোযান তৈরি করছে ভারত। ২০২১ সালে এর নির্মাণকাজ শুরু হয়। সাবমারসিবলটির নকশাসহ নির্মাণকাজ করছে ভারতের তামিলনাড়ু রাজ্যের চেন্নাইয়ে অবস্থিত ন্যাশনাল ইনস্টিটিউট অব ওশান টেকনোলজি (NIOT)। সমুদ্রে নামানো হলে এটিই হবে ভারতের প্রথম মনুষ্যবিহীন ডুবোযান। 'বতুলাকার' (বৃত্তের মতো গোলাকার) এ ডুবোযান ৬,০০০ মিটার গভীর পর্যন্ত নামতে পারবে। তবে প্রাথমিকভাবে ডুবোযানটি ৫০০ মিটার গভীরতা পর্যন্ত নামবে। ২০২৪ সালের প্রথম দিকে ট্রায়াল রান শুরু হবে।

## ঐতিহাসিক নারী আসন সংরক্ষণ বিল



২০ সেপ্টেম্বর ২০২৩ ভারতের আইনসভার নিম্নকক্ষ লোকসভায় আর ২১ সেপ্টেম্বর ২০২৩ রাতে উচ্চকক্ষ রাজ্যসভায় 'সংবিধান (১২৮তম সংশোধনী) বিল, ২০২৩' পাস হয়। সংবিধান সংশোধনীতে বলা হয়, লোকসভা, রাজ্যগুলোর বিধানসভা এবং দিল্লির বিধানসভায় এক-তৃতীয়াংশ আসন নারীদের জন্য সংরক্ষিত থাকবে। অর্থাৎ, ৫৪৩টি লোকসভা আসনের মধ্যে ১৮১টি আসন নারীদের জন্য সংরক্ষিত থাকবে। সংবিধানের ১২৮তম সংশোধনী বিলটি এখন রাজ্যের বিধানসভায় অনুমোদিত হবে। এটি নতুন সংসদ ভবনে পাস হওয়া প্রথম বিল। নারী সংরক্ষণ আইন কার্যকর করা হবে পরবর্তী আদমশুমারি এবং নির্বাচনী কেন্দ্রের সীমানা পুনর্বিন্যাসের পর। লোকসভা এবং বিধানসভা কেন্দ্রের জনসংখ্যার তথ্যের ভিত্তিতে সীমানা পুনর্বিন্যাস করা হয়। নারীদের সংরক্ষিত আসন কেবলমাত্র ১৫ বছরের জন্য বৈধ থাকবে।

### জাতি এবং লিঙ্গভিত্তিক সংরক্ষণ

লোকসভা এবং রাজ্য বিধানসভাগুলিতে তফসিলি জাতি (SC) এবং তফসিলি উপজাতির (ST) জন্য আসন সংরক্ষিত রয়েছে। এই সংরক্ষিত আসনগুলিরও এক-তৃতীয়াংশ এখন নারীদের জন্য সংরক্ষিত থাকবে। বর্তমানে ১৩১টি লোকসভা আসন SC/ST'র জন্য সংরক্ষিত রয়েছে। নারী সংরক্ষণ বিল আইনে পরিণত হওয়ার পর এ আসনগুলোর মধ্যে ৪৩টি নারীদের জন্য সংরক্ষিত হবে। অর্থাৎ, নারীদের জন্য সংরক্ষিত ১৮১টি আসনের মধ্যে ১৩৮টি আসনে যেকোনো জাতির নারীকে প্রার্থী করা যাবে।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

রাকের বিপক্ষে জোট গড়ে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, সৌদি আরব, মিসর ও কুয়েত

বইমেট.কম

BRICS 2023 SOUTH AFRICA

২২-২৪ আগস্ট ২০২৩ দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে অনুষ্ঠিত হয় ব্রিকসের ১৫তম শীর্ষ সম্মেলন। এ সম্মেলনে নতুন ৬টি দেশকে ব্রিকসে যুক্ত হওয়ার আমন্ত্রণ জানানো হয়। বিশ্ব অর্থনীতিতে নতুন ভারসাম্য প্রতিষ্ঠার উদ্দেশ্যে ব্রিকস সম্প্রসারণ নিয়ে বিশেষ এ আয়োজন।

## গঠন

BRIC শব্দটি মূলত বিদেশি বিনিয়োগ কৌশলের প্রেক্ষাপটে বিকশিত হয়। ২০০১ সালে গোল্ডম্যান স্যাকসের অর্থনীতিবিদ জিম ও'নিল উন্নত বিশ্বের জি-৭ গ্রুপের বাইরে বৃহৎ অর্থনীতির ৪টি দেশের একটি গ্রুপভুক্ত হওয়ার সম্ভাবনার কথা বলেন। তিনিই ব্রাজিল, রাশিয়া, ভারত ও চীন এ ৪টি দেশের নামের আদ্যক্ষর দিয়ে BRIC শব্দবন্ধ তৈরি করেন। মূলত উন্নত বিশ্বের জি-৭ এর বাইরে সম্ভাবনাময় উন্নয়নশীল দেশগুলো নিয়ে অর্থনৈতিক ও বাণিজ্যিক গ্রুপ গঠনের প্রয়োজন অনুভূত হয়। ২০ সেপ্টেম্বর ২০০৬ নিউইয়র্কে অনুষ্ঠিত জাতিসংঘের সাধারণ অধিবেশনের সময় রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন প্রথম জোট গড়ার আগ্রহের কথা জানান। ১৬ মে ২০০৮ রাশিয়ায় অনুষ্ঠিত হয় দেশগুলোর প্রথম মন্ত্রী পর্যায়ের সম্মেলন। পরবর্তীতে ১৬ জুন ২০০৯ রাশিয়ার ইয়েকাতেরিনবার্গে অনুষ্ঠিত প্রথম শীর্ষ সম্মেলনের মাধ্যমে BRIC আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। অর্থনৈতিক শক্তি ও ব্যাপ্তিতে অধিক শক্তিশালী না হলেও সম্ভাবনাময় এবং আফ্রিকা মহাদেশকে প্রারম্ভিক প্রতিনিধিত্ব করার জন্য ২০১০ সালে দক্ষিণ আফ্রিকাকে জোটে যুক্ত করা হয়। দেশটির নামের আদ্যক্ষর 'S' সমন্বিত হয়ে জোটের নামকরণ হয় BRICS।

## ব্রিকস সম্প্রসারণ

ব্রিকস জোটে যুক্ত হওয়ার জন্য বাংলাদেশসহ ৪০টি দেশ আগ্রহ প্রকাশ করে। এর মধ্যে ২২টি দেশ আনুষ্ঠানিক আবেদন করে। ২২-২৪ আগস্ট ২০২৩ ব্রিকসের ১৫তম শীর্ষ সম্মেলনে আর্জেন্টিনা, মিসর, ইথিওপিয়া, ইরান, সৌদি আরব ও আরব আমিরাতকে ব্রিকস জোটের পূর্ণ সদস্য হওয়ার আমন্ত্রণ জানানো হয়। ১ জানুয়ারি ২০২৪ এ দেশগুলোর সদস্যপদ কার্যকর হবে।

### FACT FILE

BRICS'র পূর্ণরূপ : Brazil, Russia, India, China, South Africa | আনুষ্ঠানিক যাত্রা শুরু : ১৬ জুন ২০০৯ | প্রতিষ্ঠাকালীন সদস্য : ৫টি | সদর দপ্তর : নেই | জোট গঠনের উদ্যোক্তা দেশ : রাশিয়া | চেয়ার ➤ প্রথম : ভ্লাদিমির পুতিন (রাশিয়ার প্রেসিডেন্ট) • বর্তমান : সিরিল রামাফোসা (দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট)।

### শীর্ষ সম্মেলন

| ক্রম | সময়কাল | স্থান |
|---|---|---|
| ১ম | ১৬ জুন ২০০৯ | ইয়েকাতেরিনবার্গ, রাশিয়া |
| ২য় | ১৫ এপ্রিল ২০১০ | ব্রাসিলিয়া, ব্রাজিল |
| ৩য় | ১৪ এপ্রিল ২০১১ | সানিয়া, চীন |
| ৪র্থ | ২৯ মার্চ ২০১২ | নয়াদিল্লি, ভারত |
| ৫ম | ২৬-২৭ মার্চ ২০১৩ | ডারবান, দক্ষিণ আফ্রিকা |
| ৬ষ্ঠ | ১৪-১৭ জুলাই ২০১৪ | ফোর্তালেজা, ব্রাজিল |
| ৭ম | ৮-৯ জুলাই ২০১৫ | উফা, রাশিয়া |
| ৮ম | ১৫-১৬ অক্টোবর ২০১৬ | গোয়া, ভারত |
| ৯ম | ৩-৫ সেপ্টেম্বর ২০১৭ | জিয়ামেন, চীন |
| ১০ম | ২৫-২৭ জুলাই ২০১৮ | জোহানেসবার্গ, দ. আফ্রিকা |
| ১১তম | ১৩-১৪ নভেম্বর ২০১৯ | ব্রাসিলিয়া, ব্রাজিল |
| ১২তম | ১৭ নভেম্বর ২০২০ | সেন্টপিটার্সবার্গ, রাশিয়া |
| ১৩তম | ৯ সেপ্টেম্বর ২০২১ | নয়াদিল্লি, ভারত |
| ১৪তম | ২৩ জুন ২০২২ | বেইজিং, চীন |
| ১৫তম | ২২-২৪ আগস্ট ২০২৩ | জোহানেসবার্গ, দ. আফ্রিকা |

## New Development Bank

২৯ মার্চ ২০১২ নয়াদিল্লিতে অনুষ্ঠিত চতুর্থ ব্রিকস শীর্ষ সম্মেলনে ব্যাংক প্রতিষ্ঠার ধারণাটি প্রস্তাব করে ভারত। ২৬-২৭ মার্চ ২০১৩ দক্ষিণ আফ্রিকার ডারবানে অনুষ্ঠিত ব্রিকসের ৫ম শীর্ষ সম্মেলনে একটি আন্তর্জাতিক ব্যাংক গঠনের সিদ্ধান্ত হয়। ব্রাজিলের ফোর্তালেজা শহরে অনুষ্ঠিত ব্রিকসের ৬ষ্ঠ শীর্ষ সম্মেলনে New Development Bank (NDB) গঠনের লক্ষ্যে ১৫ জুলাই ২০১৪ একটি চুক্তি স্বাক্ষরিত হয়, যা কার্যকর হয় ৭ জুলাই ২০১৫। ২১ জুলাই ২০১৫ চীনের রাজধানী সাংহাইতে এ ব্যাংকের কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হয়। নবগঠিত এ ব্যাংক ব্রিকস জোটভুক্ত দেশগুলোতে অবকাঠামো উন্নয়ন ও উন্নয়ন প্রকল্পে অর্থায়নের ক্ষেত্রে বিশ্বব্যাংক ও IMF'র বিকল্প হিসেবে কাজ করে। ১৬ সেপ্টেম্বর ২০২১ বাংলাদেশ ৬ষ্ঠ দেশ হিসেবে এ ব্যাংকের সদস্যপদ লাভ করে। এছাড়া প্রতিষ্ঠাকালীন ৫টি দেশসহ মিসর ও সংযুক্ত আরব আমিরাত NDB'র সদস্য।

NDB'র পূর্ণরূপ : New Development Bank | আনুষ্ঠানিক যাত্রা শুরু : ২১ জুলাই ২০১৫ | প্রতিষ্ঠাকালীন সদস্য : ৫টি | বর্তমান সদস্য : ৮টি— ব্রাজিল, রাশিয়া, চীন, দক্ষিণ আফ্রিকা, বাংলাদেশ, সংযুক্ত আরব আমিরাত ও মিসর | সদর দপ্তর : সাংহাই, চীন | প্রেসিডেন্ট ➤ প্রথম : কে. ভি. কামাথ (ভারত) • বর্তমান : দিলমা রৌসেফ (ব্রাজিল)।

ব্যাবিলিয়নের শ্রেষ্ঠ রাজা হাম্মুরাবি

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

৯-১০ সেপ্টেম্বর ২০২৩ ভারতের রাজধানী নয়াদিল্লিতে ১৮তম জি-২০ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। ভারত প্রথমবারের মতো এ সম্মেলনের আয়োজন করে। এ প্রেক্ষাপটে G20'র নানা তথ্য নিয়ে আমাদের এ আয়োজন।

## G20 কী

G20 বা Group of 20 হলো বিশ্বের উন্নত এবং উন্নয়নশীল দেশগুলোর আন্তর্জাতিক অর্থনৈতিক সহযোগিতার প্রধান ফোরাম। গত শতকের নব্বইয়ের দশকে এশিয়ার অর্থনৈতিক সংকটের পর আন্তর্জাতিক আর্থিক স্থিতিশীলতা উন্নয়ন সম্পর্কিত নীতি আলোচনার লক্ষ্যে ১৯৯৯ সালে গঠন করা হয় G20।

### সদস্য

G20'র বর্তমান সদস্য ২১টি। এর মধ্যে সদস্য দেশ ১৯টি— আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া, ব্রাজিল, কানাডা, চীন, ফ্রান্স, ভারত, জার্মানি, ইন্দোনেশিয়া, ইতালি, জাপান, দক্ষিণ কোরিয়া, মেক্সিকো, রাশিয়া, সৌদি আরব, দক্ষিণ আফ্রিকা, তুরস্ক, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র এবং আঞ্চলিক জোট ২টি— ইউরোপীয় ইউনিয়ন (EU) ও আফ্রিকান ইউনিয়ন (AU)।

- ৯ সেপ্টেম্বর ২০২৩ G20'র স্থায়ী সদস্যপদ লাভ করে আফ্রিকার দেশগুলোর জোট আফ্রিকান ইউনিয়ন (AU)। এর ফলে দ্বিতীয় কোনো আঞ্চলিক জোট হিসেবে G20-এ স্থায়ী সদস্যপদ পায় AU। এর আগে গ্রুপটির একমাত্র আঞ্চলিক জোট হিসেবে সদস্য ছিল EU। উল্লেখ্য, ২০২২ সালে AU'র তৎকালীন সভাপতি ও সেনেগালের প্রেসিডেন্ট ম্যাকি শেল G20 জোটে যোগ দেওয়ার প্রস্তাব দেন। আর এ সম্মেলনে আফ্রিকান ইউনিয়নকে G20-এর স্থায়ী সদস্যপদ দেওয়ার প্রস্তাব করে ভারত।

### কার্যক্রম

G20 শীর্ষ সম্মেলনের আয়োজন ও বছরের জন্য এজেন্ডা পরিচালনার দায়িত্বে থাকেন জোটের প্রেসিডেন্ট। ২টি উদ্দেশ্যে জোটটি কাজ করে থাকে। একটি অর্থনৈতিক আর অন্যটি শীর্ষ সম্মেলনের আগে কূটনৈতিকদের প্রস্তুতিমূলক কাজ। অর্থমন্ত্রী ও কেন্দ্রীয় ব্যাংকের গভর্নররা অর্থনৈতিক দিকগুলোর নেতৃত্ব দেন। অর্থনৈতিক দিকগুলো ঠিক হওয়ার পর কূটনীতিকরা বিভিন্ন নীতি নির্ধারণ করেন।

### পরবর্তী সভাপতি

১ ডিসেম্বর ২০২২ G20'র সভাপতিত্ব গ্রহণ করে ভারত এবং ৩০ নভেম্বর ২০২৩ পর্যন্ত সভাপতিত্ব করবে। এরপর ১ ডিসেম্বর ২০২৩ আনুষ্ঠানিকভাবে ব্রাজিলের কাছে দায়িত্ব হস্তান্তর করা হবে। ২০২৪ সালে ব্রাজিলে ১৯তম G20 শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে।

### সম্মেলন

G20 গঠনের শুরুর বছরগুলোতে শুধু সদস্য দেশগুলোর অর্থ বিভাগের প্রধান এ সম্মেলনে যোগ দিতেন। তবে ২০০৮ সালে অর্থনৈতিক সংকটের পর সিদ্ধান্ত নেওয়া হয়, প্রতিবছর অনুষ্ঠিত সম্মেলনে জোটের সদস্যদেশগুলোর নেতারা অংশ নেবেন। এরপর বছরে ১ বার পর্যায়ক্রমিকভাবে শীর্ষ বৈঠকের আয়োজন করে থাকে। সম্মেলনে সদস্য দেশগুলোর অর্থমন্ত্রী ও নেতারা বৈশ্বিক অর্থনীতির বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করে।

### B20

Business 20 বা B20 হলো G20 জোটের সদস্য দেশগুলোর ব্যবসায়ীদের জোট। B20'র যাত্রা শুরু হয় ২০১০ সালে। বিশ্বের বিভিন্ন কোম্পানি ও ব্যবসায়িক সংগঠনগুলো এর সম্মেলনে অংশগ্রহণ করে। B20 অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং উন্নয়নকে উৎসাহিত করতে দৃঢ় পদক্ষেপের নীতি বাস্তবায়নের সুপারিশের করে থাকে।

## ১৮তম শীর্ষ সম্মেলন ২০২৩

৯-১০ সেপ্টেম্বর ২০২৩ ভারতের নয়াদিল্লির প্রগতি ময়দানের ভারত মন্ডপম নামক জমকালো মঞ্চে ১৮তম G20 শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের সভাপতি ছিলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এবারের সম্মেলনে আলোচ্য বিষয়গুলো ছিল— বৈশ্বিক প্রতিষ্ঠানগুলো থেকে উন্নয়নশীল দেশগুলোর জন্য আরও ঋণের ব্যবস্থা করা, আন্তর্জাতিক ঋণকাঠামোর সংস্কার, ক্রিপ্টোকারেন্সি নিয়ে নীতিমালা তৈরি, খাদ্য ও জ্বালানি নিরাপত্তার ক্ষেত্রে ভূরাজনৈতিক অনিশ্চয়তার প্রভাব।

- প্রতিপাদ্য : 'ভাসুধাইভা কুতুমবাকাম' (Vasudhaiva Kutumbakam)। সংস্কৃত এ শব্দ দুটির অর্থ– 'এক বিশ্ব, এক পরিবার, এক ভবিষ্যৎ' (One Earth, One Family, One Future)।
- এ সম্মেলনের লোগোর নকশায় ভারতের জাতীয় ফুল পদ্ম ব্যবহৃত হয়। সাত পাপড়ির এ পদ্মে সাত মহাদেশ এবং সংগীতের সাত স্বরকে বোঝানো হয়।
- অতিথি দেশ : বাংলাদেশ, মিসর, নেদারল্যান্ডস, মরিশাস, নাইজেরিয়া, ওমান, সিঙ্গাপুর, স্পেন এবং সংযুক্ত আরব আমিরাত।
- ঘোষণাপত্র : ৯ সেপ্টেম্বর ২০২৩ G20 শীর্ষ সম্মেলন ঘোষণাপত্র সর্বসম্মতভাবে গৃহীত হয়। ঘোষণাপত্রটি তুলে ধরেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ৩৭ পৃষ্ঠার ঘোষণাপত্রের শেষ অনুচ্ছেদে রয়েছে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সেই কথাটি, যা তিনি ১৬ সেপ্টেম্বর ২০২২ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে বলেন, 'এটা যুদ্ধের যুগ নয়' (Today's era must not be of war)।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

বইমেট.কম

# মেগা প্রকল্পের কথকতা

২০২৩ সালের সেপ্টেম্বর-অক্টোবরে দেশের একাধিক মেগা প্রকল্প উদ্বোধন করা হবে। এর মধ্যে মেট্রোরেল, পদ্মা রেলওয়ে সেতু, চট্টগ্রাম-কক্সবাজার রেলপথ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল ও শাহজালাল বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নিয়ে আমাদের এ আয়োজন।

পর্ব-২

## স্বপ্নের দিগন্তে মেট্রোরেল

২০০৫ সালে বিশ্ব ব্যাংক ঢাকা মহানগরী এবং এর পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নের লক্ষ্যে একটি সমীক্ষা প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদনে ঢাকায় একটি জনবান্ধব পরিবহন ব্যবস্থা গড়ে তোলার সুপারিশ করা হয়। একই বছর মার্কিন পরামর্শক ফার্ম লুই বার্জার গ্রুপ ঢাকার জন্য একটি কৌশলগত পরিবহন পরিকল্পনা তৈরি করে। এরপর সরকার ৬টি মেট্রোরেল প্রকল্প হাতে নেয়। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (DMTCL)-এর আওতায় মেট্রোরেলের মোট দৈর্ঘ্য ১২৮.৭৪১ কিমি (উড়াল ৬৭.৫৬৯ ও পাতাল ৬১.১৭২ কিমি) এবং স্টেশন ১০৪টি। এ লক্ষ্যে সরকার ২০৩০ সাল পর্যন্ত দীর্ঘমেয়াদি একটি কর্মপরিকল্পনা গ্রহণ করে।


### দেশের প্রথম মেট্রোরেল

২০ অক্টোবর ২০২৩ দেশের প্রথম মেট্রোরেলের আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত উদ্বোধন করা হবে। এর আগে ২৮ ডিসেম্বর ২০২২ রাজধানী ঢাকার দিয়াবাড়ি থেকে আগারগাঁও অংশে প্রথম মেট্রোরেল চালু করা হয়।

**FACT FILE**

প্রকল্পের নাম : Mass Rapid Transit (MRT) Line-6। অর্থায়নকারী সংস্থা : জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (JICA)।

- একনেকে অনুমোদন : ১৮ ডিসেম্বর ২০১২।
- JICA'র সঙ্গে চুক্তি : ২০ ফেব্রুয়ারি ২০১৩।
- নির্মাণকাজ উদ্বোধন : ২৬ জুন ২০১৬।
- যাত্রা শুরু : ২৮ ডিসেম্বর ২০২২।
- সর্বসাধারণের জন্য উন্মুক্ত : ২৯ ডিসেম্বর ২০২২।
- মোট দৈর্ঘ্য : ২১.২৬ কিমি ➤ উত্তরা-আগারগাঁও : ১১.৭৩ কিমি • আগারগাঁও-মতিঝিল : ৮.৩৭ কিমি • মতিঝিল-কমলাপুর : ১.১৬ কিমি।
- মোট স্টেশন : ১৭টি— উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ, পল্লবী, মিরপুর ১১, মিরপুর ১০, কাজীপাড়া, শেওড়াপাড়া, আগারগাঁও, বিজয় সরণি, ফার্মগেট, কাওরান বাজার, শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ সচিবালয়, মতিঝিল এবং কমলাপুর।
- সার্কভুক্ত দেশের মধ্যে ভারতে প্রথম, দ্বিতীয় পাকিস্তানে এবং তৃতীয় দেশ হিসেবে বাংলাদেশে মেট্রোরেল চালু হয়।



### দেশের তৃতীয় মেট্রোরেল

মেট্রোরেলের হেমায়েতপুর থেকে ভাটারা পর্যন্ত পথটি এমআরটি লাইন-৫ (উত্তর) নামে পরিচিত। ১৫ ডিসেম্বর ২০১৯ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (ECNEC) সভায় 'এমআরটি লাইন-৫ (উত্তর)' অনুমোদন দেওয়া হয়। খুব শীঘ্রই এ মেট্রোরেলের নির্মাণকাজের উদ্বোধন করা হবে। সাভারের হেমায়েতপুর থেকে ভাটারা পর্যন্ত মেট্রোরেলের দৈর্ঘ্য ২০ কিমি।

**FACT FILE**


- দৈর্ঘ্য : ২০ কিলোমিটার ➤ পাতাল : ১৩.৫০ কিলোমিটার • উড়াল : ৬.৫০ কিলোমিটার।
- রুট : হেমায়েতপুর-গাবতলি-টেকনিক্যাল-মিরপুর ১-মিরপুর ১০-মিরপুর ১৪-কচুক্ষেত-বনানী-গুলশান ২-নতুন বাজার-ভাটারা।
- প্রস্তাবিত স্টেশন : ১৪টি— হেমায়েতপুর, বালিয়ারপুর, মধুমতি, আমিন বাজার, গাবতলি, দারুস সালাম, মিরপুর-১, মিরপুর-১০, মিরপুর-১৪, কচুক্ষেত, বনানী, গুলশান-২, নতুন বাজার এবং ভাটারা।
- উড়াল অংশ : হেমায়েতপুর হতে আমিন বাজার এবং নতুন বাজার হতে ভাটারা।
- পাতাল অংশ : আমিন বাজার হতে নতুন বাজার।
- প্রকল্প গ্রহণ : ৭ আগস্ট ২০১৮।
- একনেকে অনুমোদন : ১৫ ডিসেম্বর ২০১৯।
- নির্মাণকাজ শেষ : ২০২৮ সালে।
- রুটের নকশাকারী : নিপ্পন কোই কোম্পানি লিমিটেড।
- ঋণ চুক্তি স্বাক্ষর : ২৮ জুন ২০২২।
- চুক্তি স্বাক্ষরিত : বাংলাদেশ সরকার ও জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা (JICA)।
- ডিপো নির্মাণকারী : টিওই কর্পোরেশন ও স্পেকট্রা ইঞ্জিনিয়ার্স লিমিটেড।
- জমি অধিগ্রহণ : ৩ অক্টোবর ২০২২।



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

## পদ্মা রেলওয়ে সেতু

১০ অক্টোবর ২০২৩ ঢাকা থেকে পদ্মা সেতু হয়ে ভাঙ্গা পর্যন্ত আনুষ্ঠানিকভাবে রেল চলাচল শুরু হবে। তার আগে ৭ সেপ্টেম্বর ২০২৩ ঢাকা থেকে ভাঙ্গা পর্যন্ত রেলপথে পরীক্ষামূলকভাবে ট্রেন চালানো হয়। এর আগে ৪ এপ্রিল ২০২৩ পদ্মা বহুমুখী সেতুতে পরীক্ষামূলক ট্রেন চালানো হয়।



### FACT FILE

- প্রকল্পের নাম : Padma Bridge Rail Link Project (PBRLP)।
- দৈর্ঘ্য : ১৬৯ কিমি।
- ফাস্ট ট্র্যাক প্রকল্প হিসেবে তালিকাভুক্ত : ২৭ এপ্রিল ২০১৬।
- একনেকে অনুমোদন : ৩ মে ২০১৬।
- ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি : ৮ আগস্ট ২০১৬।
- ঠিকাদার প্রতিষ্ঠান : China Railway Engineering Corporation (CREC)।
- তদারকি পরামর্শের জন্য বাংলাদেশ সেনাবাহিনীর সাথে চুক্তি : ১ জানুয়ারি ২০১৭।
- চীনের এক্সিম ব্যাংকের সাথে ঋণ চুক্তি স্বাক্ষর : ২৭ এপ্রিল ২০১৮।
- সংশোধিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (RDPP) একনেকে অনুমোদন : ২২ মে ২০১৮।
- প্রকল্পের সময় : ১ জানুয়ারি ২০১৬-৩০ জুন ২০২৪।
- স্টেশন ➤ ২০টি। জেলাওয়ারি স্টেশনগুলো হলো— ঢাকা ➤ কমলাপুর, গেন্ডারিয়া ও কেরানীগঞ্জ | মুন্সীগঞ্জ ➤ নিমতলা, শ্রীনগর ও মাওয়া | শরীয়তপুর ➤ পদ্মা (জাজিরা) | মাদারীপুর ➤ শিবচর | ফরিদপুর ➤ ভাঙ্গা, ভাঙ্গা জংশন ও নগরকান্দা | গোপালগঞ্জ ➤ মুকসুদপুর, মহেশপুর ও কাশিয়ানি | নড়াইল ➤ লোহাগড়া ও নড়াইল সদর | যশোর ➤ সিংগাই, জামদিয়া, পদ্মবিলা ও রূপদিয়া।

– উল্লেখ্য, অন্তর্ভুক্ত ৯টি জেলার মধ্যে নারায়ণগঞ্জে স্টেশন নেই।

### নদী পেরিয়ে যাবে রেলপথ

পদ্মা, বুড়িগঙ্গা, ধলেশ্বরী, আড়িয়াল খাঁ, মধুমতি, নবগঙ্গা, ভৈরব নদ মাড়িয়ে নির্মিত হচ্ছে রেলপথ। এজন্য বুড়িগঙ্গা নদীর উপর ৪০০ মিটার, মুন্সীগঞ্জের ধলেশ্বরী নদীতে ৫০০ মিটার, আড়িয়াল খাঁ নদীতে ৬০০ মিটার, নড়াইলের মধুমতি নদীতে ১২০০ মিটার, নবগঙ্গায় ১০০ মিটার ও যশোরের ভৈরব নদে ৮০ মিটার দীর্ঘ রেলসেতু নির্মাণ করা হবে। এসব প্রকল্পের আওতায় ৫৮টি মেজর ব্রিজ, ২৭৩টি মাইনর ব্রিজ (কালভার্ট ও আন্ডারপাস) নির্মিত হবে।

## চট্টগ্রাম-কক্সবাজার রেলপথ

২০১০ সালে চট্টগ্রামের দোহাজারী থেকে রামু হয়ে কক্সবাজার ও রামু থেকে মিয়ানমারের কাছে বান্দরবানের ঘুমধুম পর্যন্ত রেলপথ নির্মাণ প্রকল্প নেওয়া হয়। ১২৮ কিমি দীর্ঘ সিঙ্গেল ট্র্যাক ডুয়েলগেজ রেল পথটির প্রথম ভাগে দোহাজারী থেকে কক্সবাজার পর্যন্ত ১০০ কিমি (দুই লটে) এবং এ অংশের কাজ সমাপ্তের পরে শুরু হবে কক্সবাজার-ঘুমধুম পর্যন্ত অবশিষ্ট ২৮ কিমি রেলপথ নির্মাণকাজ।

### FACT FILE

- প্রকল্পের নাম : চট্টগ্রাম-কক্সবাজার রেলপথ প্রকল্প।
- দৈর্ঘ্য : ১২৮ কিমি; দোহাজারী-কক্সবাজার ১০০ কিমি।
- ভিত্তিপ্রস্তর স্থাপন : ৩ এপ্রিল ২০১১।
- নির্মাণ শুরু : ১৩ মার্চ ২০১৮।
- মোট স্টেশন : ৯টি— কক্সবাজার আইকনিক স্টেশন, সাতকানিয়া, লোহাগাড়া, চকরিয়া, ডুলাহাজারা, ঈদগাঁও, রামু, কক্সবাজার সদর ও উখিয়া।
- নির্মাণকারী প্রতিষ্ঠান : চীনের প্রতিষ্ঠান চায়না রেলওয়ে ইঞ্জিনিয়ারিং করপোরেশন (CREC) ও বাংলাদেশের তমা কনস্ট্রাকশন কোম্পানি এবং চায়না সিভিল ইঞ্জিনিয়ারিং কনস্ট্রাকশন করপোরেশন (CCECC) ও বাংলাদেশের ম্যাক্স ইনফ্রাস্ট্রাকচার লিমিটেড।
- অর্থায়নে : বাংলাদেশ সরকার ও এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক।
- একনেকে অনুমোদন : ৬ জুলাই ২০১০ (সিঙ্গেল লাইন মিটারগেজ ট্র্যাক) এবং ৯ সেপ্টেম্বর ২০১৪ (ডুয়েলগেজ ট্র্যাক)।
- ভূমি অধিগ্রহণ শুরু : ১৯ এপ্রিল ২০১৬।
- উদ্বোধন : অক্টোবর ২০২৩।

### আইকনিক রেলওয়ে স্টেশন

চট্টগ্রাম-কক্সবাজার রেল পথের মধ্যে কক্সবাজার সদর উপজেলার ঝিলংজা ইউনিয়নে নির্মিত ঝিনুকাকৃতির আইকনিক ভবনটি দেশের একমাত্র আইকনিক রেলস্টেশন। ২৯ একর জমির ওপর গড়ে ওঠা রেলস্টেশন ভবনটি ১,৮৭,৩৭ বর্গফুট। নির্মাণকারী প্রতিষ্ঠান দেশের ম্যাক্স ইনফ্রাস্ট্রাকচার লিমিটেড। মূল ভবনের সামনে খোলা মাঠে তৈরি হচ্ছে ঝিনুকাকৃতির নান্দনিক একটি ফোয়ারা। যাত্রীরা ঝিনুক ফোয়ারা দিয়ে স্টেশনে প্রবেশ করবেন। ট্রেন থেকে নেমে ভিন্ন পথে যাত্রীরা বেরিয়ে যাবেন সৈকতের দিকে। তৈরি করা হয়েছে গমন ও বহির্গমনের পৃথক দুটি সড়ক। ২৫ অক্টোবর ২০২৩ ভবনের নিচতলা ও দ্বিতীয় তলা হস্তান্তর করা হবে।



আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

# দেশের প্রথম টানেল

বাংলাদেশের প্রথম টানেল 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল'। চট্টগ্রামের কর্ণফুলি নদীর তলদেশে নির্মিত টানেলটি ২৮ অক্টোবর ২০২৩ উদ্বোধন করা হবে।



বইমেট.কম

## FACT FILE

- নাম : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল।
- যে নদীর তলদেশে : কর্ণফুলি নদী।
- যুক্ত করেছে : পতেঙ্গা ও আনোয়ারা; চট্টগ্রাম।
- একনেকে অনুমোদন : ১২ নভেম্বর ২০১৫।
- ভিত্তিপ্রস্থর স্থাপন : ১৪ অক্টোবর ২০১৬।
- ভিত্তিপ্রস্থর স্থাপন করেন : প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও চীনের প্রেসিডেন্ট সি চিন পিং।
- নির্মাণকাজ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন : ২৪ ফেব্রুয়ারি ২০১৯।
- মূল দৈর্ঘ্য : ৩.৪০ কিমি।
- পশ্চিম ও পূর্বপ্রান্তে সংযোগ সড়ক : ৫.৩৫ কিমি।
- লেন : ৪টি।
- আনোয়ারা প্রান্তে ফ্লাইওভারের দৈর্ঘ্য : ৭২৭ মিটার।
- নির্মাতা প্রতিষ্ঠান : চায়না কমিউনিকেশন্স কনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড (CCCCL)।
- টানেল রক্ষণাবেক্ষণ ও টোল আদায়কারী : চায়না কমিউনিকেশন্স কনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড।
- অর্থায়নকারী সংস্থা : চীন ও বাংলাদেশ।

### ■ নির্মাণের কারণ

- চট্টগ্রাম শহরে নিরবচ্ছিন্ন ও যুগোপযোগী সড়ক যোগাযোগ ব্যাবস্থা গড়ে তোলা এবং বিদ্যমান সড়ক যোগাযোগ ব্যাবস্থার আধুনিকায়ন
- এশিয়ান হাইওয়ের সাথে সংযোগ স্থাপন
- কর্ণফুলি নদীর পূর্বতীর ঘেঁষে গড়ে ওঠা শহরের সাথে ডাউন টাউনকে যুক্ত করা এবং উন্নয়ন কাজ ত্বরান্বিতকরণ
- চট্টগ্রাম পোর্টের বিদ্যমান সুযোগ সুবিধা বৃদ্ধিকরণ এবং প্রস্তাবিত গভীর সমুদ্র বন্দরের নির্মাণ কাজ ত্বরান্বিতকরণ
- ঢাকা-চট্টগ্রাম-কক্সবাজার এর মধ্যে নতুন একটি সড়ক যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা
- কর্ণফুলি টানেলের মাধ্যমে চীনের সাংহাই শহরের ন্যায় চট্টগ্রাম শহরকে One City Two Town মডেলে গড়ে তোলা।

### ■ টিউব

মোট টিউব ২টি। প্রতিটি টিউবের দৈর্ঘ্য ২.৪৫ কিমি। ভিতরের ব্যাস ১০.৮০ মিটার বা ৩৫.৪ ফুট। বাহিরের ব্যাস ১২.১২ মিটার বা ৩৯.৮ ফুট। উচ্চতা ৪.৮ মিটার বা ১৫.৮ ফুট। একটি টিউব থেকে অপর টিউবের দূরত্ব ১২ মিটার। টিউব দুটি নির্মাণ করা হয় ১৮-৩১ মিটার গভীরে। টিউবে যানবাহন চলবে ওয়ানওয়ে পদ্ধতিতে।

| টিউব | খনন কাজ শুরু | খনন কাজ শেষ |
|---|---|---|
| উত্তর (পতেঙ্গা টু আনোয়ারা) | ২৪ ফেব্রুয়ারি ২০১৯ | ২ আগস্ট ২০২০ |
| দক্ষিণ (আনোয়ারা টু পতেঙ্গা) | ১২ ডিসেম্বর ২০২০ | ৭ অক্টোবর ২০২১ |

### ■ টোল হার

চট্টগ্রামের পতেঙ্গার সঙ্গে আনোয়ারাকে যুক্ত করা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেলের টোল হার নির্ধারণ করা হয়। ১৩ জুলাই ২০২৩ যানবাহনের শ্রেণি অনুযায়ী, টোল হার চূড়ান্ত করে প্রজ্ঞাপন জারি করে সেতু বিভাগ। প্রজ্ঞাপন অনুযায়ী, বঙ্গবন্ধু টানেলে মোট ১২ ধরনের যানবাহনের টোল দিতে হবে। এই টানেলে মোটরসাইকেল চলতে পারবে না।


| যানবাহনের শ্রেণি | | টোল (টাকা) | যানবাহনের শ্রেণি | | টোল (টাকা) |
|---|---|---|---|---|---|
| কার, জীপ | | ২০০ | ট্রাক | ৫ টন পর্যন্ত | ৪০০ |
| পিকআপ | | ২০০ | ট্রাক | ৫.০১-৮ টন | ৫০০ |
| মাইক্রোবাস | | ২৫০ | ট্রাক | ৮.০১-১১ টন | ৬০০ |
| বাস | ৩১ আসন বা এর কম | ৩০০ | ট্রাক/ট্রেইলার | ৩ এক্সেল | ৮০০ |
| বাস | ৩২ আসন বা এর বেশি | ৪০০ | ট্রাক/ট্রেইলার | ৪ এক্সেল | ১০০০ |
| বাস | ৩ এক্সেল | ৫০০ | ট্রাক/ট্রেইলার | ৪ এক্সেলের অধিক | ১০০০ + প্রতি এক্সেল ২০০ |

### ■ অর্থনৈতিক প্রভাব

টানেল নির্মাণের ফলে ঢাকা-চট্টগ্রাম ও কক্সবাজারের মধ্যে আধুনিক যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠবে এবং এশিয়ান হাইওয়ের সাথে সংযোগ স্থাপিত হবে। ফলে যোগাযোগ ব্যবস্থার ব্যাপক উন্নয়ন সাধিত হবে। কর্ণফুলি নদীর পূর্বপ্রান্তের প্রস্তাবিত শিল্প এলাকার উন্নয়ন ত্বরান্বিত হবে এবং পশ্চিমপ্রান্তে অবস্থিত চট্টগ্রাম শহর, চট্টগ্রাম বন্দর ও চট্টগ্রাম বিমানবন্দরের সাথে উন্নত ও সহজ যোগাযোগ ব্যবস্থা স্থাপিত হবে। ফলে ভ্রমণের সময় ও খরচ হ্রাস পাবে এবং পূর্বপ্রান্তের শিল্পকারখানার প্রস্তুতকৃত মালামাল চট্টগ্রাম বন্দর, বিমানবন্দর ও দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে পরিবহন করার প্রক্রিয়া সহজ হবে। কর্ণফুলি নদীর পূর্বপ্রান্তের সাথে সহজ যোগাযোগ ব্যবস্থা স্থাপনের ফলে পূর্বপ্রান্তে পর্যটনশিল্প বিকশিত হবে। সার্বিকভাবে যোগাযোগ ব্যবস্থার সহজিকরণ, আধুনিকায়ন, শিল্পকারখানার বিকাশ সাধন এবং পর্যটন শিল্পের উন্নয়নের ফলে কর্ণফুলি টানেল নির্মাণ প্রকল্প বেকারত্ব দূরীকরণসহ দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক প্রভাব ফেলবে।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

# শাহজালাল বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল



**৭ অক্টোবর ২০২৩ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের আংশিক উদ্বোধন (সফট লঞ্চিং) করা হবে। বর্তমান সরকারের বিভিন্ন মেগা প্রকল্পের মধ্যে অন্যতম হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল।**

২০১৫ সালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নির্মাণ ও সম্প্রসারণের প্রাথমিক সম্ভাব্যতা প্রতিবেদন ও খসড়া মাস্টারপ্ল্যান প্রধানমন্ত্রীর কার্যালয়ে উপস্থাপন করা হয়। ১১ জুন ২০১৭ এ প্রকল্পের জন্য চারটি প্রতিষ্ঠানকে যৌথভাবে পরামর্শক হিসেবে নিয়োগ দেয় বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)। প্রাথমিকভাবে এ প্রকল্পের মেয়াদকাল ধরা হয় ২০১৬ সালের জুলাই থেকে ২০২২ সালের জুন পর্যন্ত। কিন্তু নানা কারণে নির্ধারিত সময়ে কাজ শুরু হয়নি। পরবর্তীতে ২০১৯ সালের সেপ্টেম্বরে এটি নির্মাণে দরপত্র আহ্বান করে সিভিল এভিয়েশন।

## FACT FILE

- একনেকে অনুমোদন : ২৪ অক্টোবর ২০১৭।
- নির্মাণকাজ উদ্বোধন : ২৮ ডিসেম্বর ২০১৯।
- টার্মিনাল ভবনের আয়তন : ২,৩০,০০০ বর্গমিটার; দৈর্ঘ্য ৭০০ মিটার ও প্রস্থ ২০০ মিটার।
- বহির্গমনের জন্য চেক-ইন কাউন্টার : ১১৫টি (১৫টি সেলফ সার্ভিস চেক-ইন কাউন্টারসহ)।
- আগমনি ব্যাগেজ বেল্ট : ১৬টি।
- আগমনি কাউন্টার : ৫৯টি (৫টি স্বয়ংক্রিয় চেক-ইন কাউন্টারসহ)।
- ডিপার্চার ইমিগ্রেশন কাউন্টার : ৬৬টি (১০টি স্বয়ংক্রিয় পাসপোর্ট নিয়ন্ত্রণ কাউন্টারসহ)।
- অর্থায়নকারী সংস্থা : জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (JICA) ও বাংলাদেশ সরকার।
- স্থপতি : রোহানি বাহারিন।
- নির্মাতা প্রতিষ্ঠান : জাপানের Mitsubishi ও Fujita এবং দক্ষিণ কোরিয়ার Samsung Construction & Trading Corporation এর সমন্বয়ে গঠিত Aviation Dhaka Consortium (ADC)।
- টার্মিনালটির নকশা করেন সিঙ্গাপুরের সিপিজি কর্পোরেশন লিমিটেডের স্থপতি রোহানি বাহারিন।
- তৃতীয় টার্মিনাল ভবনের সঙ্গে ভূগর্ভস্থ সুড়ঙ্গ পথ ও উড়াল সেতু, মেট্রোরেল ও ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের সংযোগ ব্যবস্থা থাকবে। এজন্য তৈরি হবে পৃথক একটি মেট্রোরেল স্টেশন। এর মাধ্যমে বাংলাদেশে আসা যাত্রীরা বিমানবন্দর থেকে বের না হয়েই মেট্রোরেলে করে নিজেদের গন্তব্যে যেতে পারবেন।

## দেশের প্রথম বিমানবন্দরের ইতিকথা

**হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর বাংলাদেশের প্রথম ও বৃহত্তম আন্তর্জাতিক বিমানবন্দর যা ঢাকার কুর্মিটোলায় অবস্থিত। বিমানবন্দরটির আয়তন ৮০২ হেক্টর (১,৯৮১ একর)।**

১৯৪১ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় সামরিক বিমান পরিচালনার জন্য ব্রিটিশ সরকার দাইনোদা নামে একটি স্থানে তেজগাঁও বিমানবন্দর নির্মাণ শুরু করে এবং কুর্মিটোলায় (বালুরঘাট) একটি ল্যান্ডিং স্ট্রিপ নির্মাণ করে। ১৯৪৩ সালের শুরুতে তেজগাঁওয়ের নির্মাণাধীন রানওয়েতে হালকা ফাইটার বিমান অবতরণ শুরু করে। একসময় তেজগাঁও বিমানবন্দর তৎকালীন পূর্ব পাকিস্তানে বেসামরিক বিমান চলাচলের প্রথম বিমানবন্দর হয়ে ওঠে। ১৯৬৬ সালে তৎকালীন পাকিস্তান সরকার কুর্মিটোলায় নতুন বিমানবন্দর নির্মাণের জন্য একটি প্রকল্প গ্রহণ করে এবং ফরাসি বিশেষজ্ঞদের কারিগরি সহায়তায় নতুন বিমানবন্দর নির্মাণের কাজ শুরু হয়। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় বিমানবন্দরটি অর্ধেক সম্পন্ন অবস্থায় ছিল। কিন্তু যুদ্ধের সময় বিমানবন্দরের ব্যাপক ক্ষতি সাধিত হয়। স্বাধীনতার পর এটিকে দেশের প্রধান আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়। ৪ সেপ্টেম্বর ১৯৮০ মূল রানওয়ে এবং কেন্দ্রীয় অংশটি খোলার মাধ্যমে বিমানবন্দরটি আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। ১৯৮৩ বিমানবন্দরের নাম প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের নামে করা হয়। ১৫ ফেব্রুয়ারি ২০১০ মন্ত্রিসভার বৈঠকে জিয়া আন্তর্জাতিক বিমানবন্দরের নাম পরিবর্তন করে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর নামকরণ করার সিদ্ধান্ত অনুমোদন করা হয়। ২২ ফেব্রুয়ারি ২০১০ পরিপত্র জারি করে নামকরণ কার্যকর করা হয়। আন্তর্জাতিক বিমান পরিবহন সংস্থায় (IATA) কোড DAC নেওয়া হয়েছে Dacca থেকে যা, Dhaka এর পূর্বে ব্যবহৃত বানান। শাহজালাল বিমানবন্দর প্রধানত তিনটি টার্মিনাল নিয়ে গঠিত। টার্মিনাল-১, টার্মিনাল-২ ও অভ্যন্তরীণ টার্মিনাল। টার্মিনাল-১ ও টার্মিনাল-২ প্রায় ১ লাখ বর্গমিটার জায়গার ওপর নির্মিত। আন্তর্জাতিক টার্মিনালের বাম দিকে অভ্যন্তরীণ টার্মিনাল অবস্থিত।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

ব্যাবিলিয়ন শব্দের অর্থ দেবতার নগরী

বইমেট.কম

# সংখ্যাতত্ত্বে সাধারণ জ্ঞান
# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



**১৯২০**

১৭ মার্চ : গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন।

**১৯৪৭**

: কলকাতা ইসলামিয়া কলেজ (বর্তমান নাম মাওলানা আজাদ কলেজ) থেকে বিএ পাস করেন।

**১৯৪৮**

: ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে ভর্তি হন।

৪ জানুয়ারি : 'পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ' প্রতিষ্ঠা করেন।

**১৯৪৯**

২৩ জুন : পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ গঠিত হলে তিনি দলের যুগ্ম সম্পাদক নির্বাচিত হন।

২৬ মার্চ : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪র্থ শ্রেণি কর্মচারীদের পক্ষে আন্দোলন করতে গিয়ে তিনি ছাত্রত্ব হারান।

১৮ এপ্রিল : বঙ্গবন্ধুর বহিষ্কারাদেশ কার্যকর করা হয়।

**১৯৫২**

২ অক্টোবর : চীনের রাজধানী পিকিংয়ে (বর্তমানে বেইজিং) বিশ্ব শান্তি সম্মেলনে অংশগ্রহণ করেন।

**১৯৫৩**

৯ জুলাই : পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগের সাধারণ সম্পাদক নির্বাচিত হন।

**১৯৫৪**

১০ মার্চ : গোপালগঞ্জ থেকে পূর্ববঙ্গ পরিষদের সদস্য নির্বাচিত হন

**১৯৫৫**

৫ জুন : পাকিস্তান গণপরিষদের সদস্য নির্বাচিত হন।

**১৯৫৬**

১৬ সেপ্টেম্বর : পূর্ব পাকিস্তান প্রাদেশিক সরকারের শিল্প, বাণিজ্য, শ্রম ও দুর্নীতি দমন দপ্তরের মন্ত্রী নিযুক্ত হন।

**১৯৫৭**

৪ জুন : পাকিস্তান চা বোর্ডের প্রথম বাঙালি চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

**১৯৬০**

১ মার্চ : আলফা ইন্সুরেন্স কোম্পানিতে কন্ট্রোলার অ... এজেন্সিস পদে চাকরি নেন।

**১৯৬৪**

১১ মার্চ : বঙ্গবন্ধুর নেতৃত্বে সর্বদলীয় সংগ্রাম পরিষদ গঠিত হয়

২৬ জুলাই : বঙ্গবন্ধুর নেতৃত্বে সম্মিলিত বিরোধী দল গঠিত হয়

**১৯৬৬**

৫ ফেব্রুয়ারি : লাহোরে ৬ দফা কর্মসূচি ঘোষণা করেন।

১ মার্চ : আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত হন।

১৮ মার্চ : আওয়ামী লীগের কাউন্সিল অধিবেশনে ৬ দফা গৃহীত হয়

২৩ মার্চ : ঐতিহাসিক ৬ দফা আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন

## বিশেষ তথ্য

প্রথম : ১৯৩৮ সালে প্রথম জেল খাটেন।
: আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি।
: জাতীয় সংসদের প্রথম সংসদ নেতা।
: ১৯৫২ সালে চীনে প্রথম বিদেশ সফর করেন।
: ১৯৫৪ সালে প্রথম সংসদ সদস্য নির্বাচিত।
: ১৯৫৪ সালে প্রথম মন্ত্রী হন।
: বাংলাদেশের হস্তলিখিত সংবিধানে প্রথম স্বাক্ষরকারী।
: বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি।
: প্রথম বাংলাদেশি হিসেবে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে বাংলা ভাষায় ভাষণ দেন।
: ১৯৫০ সালে তার ৩১তম জন্মদিন প্রথম কারাগারে কাটান।

দ্বিতীয় : বাংলাদেশের দ্বিতীয় প্রধানমন্ত্রী।
: ১৯৭৩ সালে কানাডায় অনুষ্ঠিত দ্বিতীয় কমনওয়েলথ শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেন।
: ১৯৭৪ সালে পাকিস্তানে অনুষ্ঠিত দ্বিতীয় OIC'র শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেন।

তৃতীয় : ১৯৭৫ সালে জ্যামাইকায় অনুষ্ঠিত তৃতীয় কমনওয়েলথ শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেন।

চতুর্থ : ১৯৭৩ সালে আলজেরিয়ায় অনুষ্ঠিত চতুর্থ NAM শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেন।

পঞ্চম : বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ সংবিধানের পঞ্চম তফসিলে অন্তর্ভুক্ত করা হয়।

ষষ্ঠ : বঙ্গবন্ধুর বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা সংবিধানের ষষ্ঠ তফসিলে সংযোজন করা হয়।

১৫তম : সংবিধানের ১৫তম সংশোধনীর মাধ্যমে বঙ্গবন্ধুকে জাতির পিতা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।
: সংবিধানের ১৫তম সংশোধনীর মাধ্যমে বঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষণা সংবিধানে সংযুক্ত করা হয়।

২৯তম : ১৯৭৪ সালে জাতিসংঘ সাধারণ পরিষদের ২৯তম অধিবেশনে বাংলায় ভাষণ দেন।

৪০তম : ইউনেস্কোর ৪০তম সাধারণ অধিবেশনে বাংলাদেশের সঙ্গে একত্রে মুজিববর্ষ উদ্‌যাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ইসরায়েলের রাষ্ট্রীয় নাম State of Israel

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

**১৯৬৮**

৩ জানুয়ারি : বঙ্গবন্ধুকে ১ নম্বর আসামি করে আগরতলা ষড়যন্ত্র মামলা করা হয়।

**১৯৬৯**

২২ ফেব্রুয়ারি : 'রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান এবং অন্যান্য' শিরোনামে মিথ্যা মামলা প্রত্যাহার করা হয়।

২৩ ফেব্রুয়ারি : 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত হন।

৫ ডিসেম্বর : পূর্ববাংলার নামকরণ করেন 'বাংলাদেশ'।

**১৯৭১**

৩ মার্চ : বঙ্গবন্ধুকে 'জাতির জনক' ঘোষণা করা হয়।

৭ মার্চ : রেসকোর্স ময়দানে ঐতিহাসিক ভাষণে ঘোষণা করেন— 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'।

২৩ মার্চ : বঙ্গবন্ধু প্রথম ঢাকার ধানমন্ডিস্থ নিজ বাসভবনে বাংলাদেশের পতাকা উত্তোলন করেন।

২৬ মার্চ : বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন।

৫ এপ্রিল : মার্কিন ম্যাগাজিন নিউজউইক বঙ্গবন্ধুকে Poet of Politics বা রাজনীতির কবি উপাধি দেয়।

১০ এপ্রিল : বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি নির্বাচিত হন।

**১৯৭২**

৮ জানুয়ারি : পাকিস্তান সরকার বঙ্গবন্ধুকে মুক্তি দেয়।

১০ জানুয়ারি : ভারতের দিল্লি হয়ে বাংলাদেশে প্রত্যাবর্তন করেন।

১১ জানুয়ারি : অস্থায়ী সংবিধান আদেশ জারি করেন।

১২ জানুয়ারি : বঙ্গবন্ধু প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন।

১০ অক্টোবর : বিশ্ব শান্তি পরিষদ বঙ্গবন্ধুকে জুলিও কুরি পদক প্রদানের ঘোষণা দেয়।

১৪ ডিসেম্বর : বঙ্গবন্ধু বাংলাদেশের সংবিধানে প্রথম স্বাক্ষর করেন।

**১৯৭৩**

২৩ মে : বঙ্গবন্ধুকে জুলিও কুরি পদক প্রদান করা হয়।

**১৯৭৪**

২৫ সেপ্টেম্বর : বঙ্গবন্ধু প্রথম বাংলাদেশি হিসেবে জাতিসংঘের সাধারণ পরিষদে বাংলায় ভাষণ দেন।

**১৯৭৫**

২৫ জানুয়ারি : জাতীয় সংসদে দ্বিতীয় বিপ্লবের ডাক দেন।

১৫ আগস্ট : কিছু বিপদগামী সেনাদের হাতে স্বপরিবারে নিহত হন।

২৬ সেপ্টেম্বর : বঙ্গবন্ধুকে হত্যার পর আসামিদের বিচারপ্রক্রিয়া রুদ্ধ করে ইনডেমনিটি অধ্যাদেশ জারি করা হয়।

**১৯৯৬**

১২ নভেম্বর : জাতীয় সংসদে ইনডেমনিটি অধ্যাদেশ বাতিলের বিল পাস হয়।

**২০০৯**

১৯ নভেম্বর : বঙ্গবন্ধু হত্যা মামলার চূড়ান্ত রায় ঘোষণা করা হয়।

**২০১০**

২৭ জানুয়ারি : বঙ্গবন্ধু হত্যা মামলার পাঁচ আসামির মৃত্যুদণ্ড কার্যকর করা হয়।

১৪ আগস্ট : বঙ্গবন্ধুর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রত্ব বাতিলের নির্দেশ প্রত্যাহার করা হয়।

**২০১৭**

৩০ অক্টোবর : ইউনেস্কো ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণকে 'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল' রেজিস্টারে অন্তর্ভুক্ত করে।

**২০২০**

১৭ মার্চ : মুজিববর্ষ শুরু।

**২০২২**

৩১ মার্চ : মুজিববর্ষের সমাপ্তি।




## বিভিন্ন পরীক্ষায় আসা প্রশ্নাবলি

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে জন্মগ্রহণ করেন?— ১৭ মার্চ ১৯২০। [৩৪তম বিসিএস]
- বঙ্গবন্ধু সর্বপ্রথম কোন সালে গ্রেপ্তার হন?— ১৯৩৮। [চবি ২০১৭-১৮]
- বঙ্গবন্ধু যে তারিখে ছয় দফা কর্মসূচি ঘোষণা করেন— ৫ ফেব্রুয়ারি ১৯৬৬। [১৩তম প্রভাষক নিবন্ধন ২০১৬]
- ঐতিহাসিক 'ছয়-দফা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন— ২৩ মার্চ ১৯৬৬। [৪৫তম বিসিএস]
- শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' খেতাবে ভূষিত করা হয় কবে?— ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯। [সিনিয়র স্টাফ নার্স ২০২০]
- বঙ্গবন্ধু কবে পূর্ব বাংলার নামকরণ করেন 'বাংলাদেশ'?— ৫ ডিসেম্বর ১৯৬৯। [বেরোবি ২০১০-১১]
- বঙ্গবন্ধুকে কবে 'জাতির জনক' ঘোষণা করা হয়?— ৩ মার্চ ১৯৭১। [পোস্টমাস্টার জেনারেল অপারেটর ২০২৩]
- এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম — জাতির পিতা কবে এই ঘোষণা দেন?— ৭ মার্চ ১৯৭১। [৪৪তম বিসিএস]
- বঙ্গবন্ধু কত তারিখে পাকিস্তানের কারাগার থেকে মুক্তি পান?— ৮ জানুয়ারি ১৯৭২। [BTV'র সহকারী প্রকৌশলী ২০১৭]
- বঙ্গবন্ধু কোন তারিখে স্বদেশ প্রত্যাবর্তন করেন?— ১০ জানুয়ারি ১৯৭২। [সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার ২০১৫]
- বঙ্গবন্ধু প্রথম কবে প্রধানমন্ত্রীর দায়িত্বগ্রহণ করেন?— ১২ জানুয়ারি ১৯৭২। [জাবি ২০২০-২১]
- বঙ্গবন্ধু কবে 'জুলিও কুরি' পুরস্কারে ভূষিত হন?— ১০ অক্টোবর ১৯৭২। [১১তম প্রভাষক নিবন্ধন]
- বাংলাদেশের প্রথম সংবিধানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন তারিখে স্বাক্ষর করেন?— ১৪ ডিসেম্বর ১৯৭২। [চবি ২০২০-২১]
- বঙ্গবন্ধুকে কখন 'জুলিও কুরি' শান্তি পুরস্কার প্রদান করা হয়?— ২৩ মে ১৯৭৩। [৪১তম বিসিএস]
- লাহোরে অনুষ্ঠিত OIC শীর্ষ সম্মেলনে বঙ্গবন্ধু কবে যোগদান করেন?— ২৩-২৪ ফেব্রুয়ারি ১৯৭৪। [৪১তম বিসিএস]
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতিসংঘে বাংলায় ভাষণ দিয়েছিলেন কবে?— ২৫ সেপ্টেম্বর ১৯৭৪। [খাদ্য অধিদপ্তর ২০২১]
- ইনডেমনিটি অধ্যাদেশ কখন বাতিল করা হয়?— নভেম্বর ১৯৯৬। [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০১৬]
- মুজিববর্ষ পালিত হয় কত সালে?— ১৭ মার্চ ২০২০-৩১ মার্চ ২০২২। [রাবি ২০১৮-১৯]

ইসরায়েলের কেন্দ্রীয় ব্যাংকের নাম ব্যাংক অব ইসরায়েল

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

বইমেট.কম





# খেলাধুলা




## এশিয়ান গেমস

আয়োজন : ১৯তম। সময়কাল : ২৩ সেপ্টেম্বর-৮ অক্টোবর ২০২৩। আয়োজক : চীন। মূল ভেন্যু : হাংঝু অলিম্পিক স্পোর্টস এক্সপো সেন্টার। স্লোগান : Heart to Heart, @Future। ইভেন্ট : ৪৮২। ডিসিপ্লিন : ৬১।

**বাংলাদেশের প্রস্তুতি**

- ১৭ ডিসিপ্লিনে ১৮০ অ্যাথলেট, ৬০ টিম অফিসিয়ালসহ ২৪০ জনের বহর
- পতাকা বহন করবেন ফুটবলার সাবিনা খাতুন ও দাবাড়ু নিয়াজ মোর্শেদ
- বক্সিং, জিমনেস্টিকস, ক্রিকেট, কারাতে, দাবা, ফেন্সিং এবং তায়কোয়ান্দো ডিসিপ্লিনে এবার অংশ নিচ্ছে বাংলাদেশ
- প্রথমবারের মতো এশিয়ান গেমসে অংশ নেয় নারী ফুটবল দল
- বক্সিংয়ে যুক্তরাষ্ট্রপ্রবাসী জিন্নাত ফেরদৌস এবং অ্যাথলেটিকসের ১০০ মিটারে যুক্তরাজ্যপ্রবাসী ইমরানুর রহমান অংশ নিচ্ছেন।

## সৈকতের ইতিহাস




প্রথম বাংলাদেশি আম্পায়ার হিসেবে ভারতে অনুষ্ঠিতব্য আইসিসি ওয়ানডে পুরুষ বিশ্বকাপে ম্যাচ পরিচালনা করবেন শরফুদ্দৌলা ইবনে শহীদ সৈকত। ৮ সেপ্টেম্বর ২০২৩ লিগ রাউন্ডের জন্য ঘোষিত ২০ জনের তালিকায় আছেন সৈকত। আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC) জানায়, ৫ অক্টোবর আহমেদাবাদে ইংল্যান্ড ও নিউজিল্যান্ডের মধ্যকার বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচে চতুর্থ আম্পায়ার হিসেবে দায়িত্ব পালন করবেন বর্তমানে ICC'র ইমার্জিং আম্পায়ার প্যানেলে থাকা সৈকত। এছাড়া আরও দায়িত্ব পালন করবেন জাভাগল শ্রীনাথ, নিতিন মেনন এবং কুমার ধর্মসেনা। খেলোয়াড়ি জীবনে বাঁ-হাতি স্পিনার সৈকত এ পর্যন্ত ৯টি টেস্ট এবং ৪৩টি টি-২০'তে দায়িত্ব পালন করেন; যা বাংলাদেশি আম্পায়ারদের মধ্যে সর্বোচ্চ। ৫২টি ওয়ানডেতেও আম্পায়ার হিসেবে দায়িত্ব পালন করেন সৈকত; যা বাংলাদেশি আম্পায়ারদের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ।

## উয়েফা বর্ষসেরা ২০২২-২০২৩




৩১ আগস্ট ২০২৩ মোনাকে এক অনাড়ম্বর অনুষ্ঠানের দিয়ে প্রদান করা হয় Un of European Footb Associations (UEFA) বর্ষ পুরস্কার ২০২২-২৩। এই পুরস্কার ১৯৯৮ থেকে দিয়ে আসছে উয়েফা।

- বর্ষসেরা পুরুষ ফুটবলার : আর্লিং হ (ম্যানচেস্টার সিটি/নরওয়ে)
- বর্ষসেরা নারী ফুটবলার : আইতানা বোনম (বার্সেলোনা/স্পেন)
- বর্ষসেরা পুরুষ কোচ : পেপ গার্দিওলা (ম্যানচেস্টার সি
- বর্ষসেরা নারী কোচ : সারিনা ভিগমান (ইংল্যা
- উয়েফা প্রেসিডেন্টস অ্যাওয়ার্ড : মিরোস্লাভ ক্লোসা (জা

– নরওয়ের প্রথম খেলোয়াড় হিসেবে উয়ে বর্ষসেরা পুরস্কার জিতেন আর্লিং হলান্ড।

## ইতিহাস গড়লো কিংস অ্যারিনা

৩ সেপ্টেম্বর ২০২৩ বসুন্ধরা কিংস অ্যারিন আন্তর্জাতিক অভিষেক হয় বাংলাদেশ-আফগানিস্ ম্যাচ দিয়ে। ঐতিহাসিক এ ম্যাচ উপভোগ কর বসুন্ধরা গ্রুপের চেয়ারম্যান আহমেদ আক সোবহান, ব্যবস্থাপনা পরিচালক সায়েম সোবহ ভাইস চেয়ারম্যান সাফওয়ান সোবহান। পা ছিলেন বাফুফের সভাপতি কাজী সালাউদ্দিন বসুন্ধরা কিংসের সভাপতি ইমরুল হাসান। বাংলাদেশে প্রথম ক্লাব হিসেবে বসুন্ধরা কিংস নিজস্ব মা আন্তর্জাতিক ম্যাচ আয়োজন করে ইতিহাস গড়ে এমন ঘটনা পুরো এশিয়াতেই বিরল।

## আয়রনম্যানের বিশ্ব আসরে ৫ বাংলাদেশি

'আয়রনম্যান বিশ্ব চ্যাম্পিয়নশিপ ২০২৩'-এ এই প্রথমবারের মতো ৫ বাংলাদেশি অংশগ্রহণের যোগ্যতা অর্জ করেন। ১০ সেপ্টেম্বর ২০২৩ ফ্রান্সের নিশে অনুষ্ঠিত চ্যাম্পিয়নশিপে বাংলাদেশের ৪জন আয়রনম্যানের চ্যালে সম্পন্ন করেন। পবিত্র কুমার সাঁতার সম্পন্ন করলেও অসুস্থ হয়ে প্রতিযোগিতা থেকে বিদায় নেন।

| নাম | সময় | মোট অবস্থান | বয়সভিত্তিক অবস্থান |
|---|---|---|---|
| মো. সামছুজ্জামান আরাফাত | ১১ ঘণ্টা ৩১ মিনিট ৮ সেকেন্ড | ৬৩৯ | ১২৯ (৩০-৩৪) |
| মিশু বিশ্বাস | ১৩ ঘণ্টা ৪১ মিনিট ১৮ সেকেন্ড | ১,৫৪৬ | ২০৭ (৩০-৩৪) |
| আরিফুর রহমান | ১৩ ঘণ্টা ১২ মিনিট ২৩ সেকেন্ড | ১,৪১১ | ২৩২ (৩৫-৩৯) |
| শুভ কুমার দে | ১৫ ঘণ্টা ২৮ মিনিট ৩৪ সেকেন্ড | ১,৮৭৬ | ২৬৩ (৩৫-৩৯) |

– এবারের আসরে ৯৩টি দেশ থেকে ২,০৮০ জন বিশ্ব চ্যাম্পিয়নশিপে অংশ নেন। শীর্ষ স্থান অর্জন করেন ডেনমার্কে লারস লমহল্ট। তিনি ৮ ঘণ্টা ৫৫ মিনিট ২৬ সেকেন্ডে সাঁতার, সাইক্লিং ও দৌড় সম্পন্ন করেন। দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জন করেন যথাক্রমে সুইজারল্যান্ডের ইয়ারি ক্রেইস ও চীনের মিয়াও হাও।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

ইসরায়েল জেরুজালেমকে রাজধানী ঘোষণা করে ১৯৮০ সালে

## ইউএস ওপেন ২০২৩

২৮ আগস্ট-১০ সেপ্টেম্বর ২০২৩ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অনুষ্ঠিত হয় ১৪৩তম ইউএস ওপেন চ্যাম্পিয়নশিপ। পুরুষ ও নারী এককে চ্যাম্পিয়ন হয়ে রেকর্ড করেন নোভাক জোকোভিচ এবং কোকো গফ।



■ **পুরুষ :** নিজের ২৪তম গ্র্যান্ড স্লাম জিতেন নোভাক জোকোভিচ। এর ফলে ৫০ বছর অক্ষত থাকার পর মার্গারেট কোর্টের এককভাবে সর্বোচ্চ ২৪টি গ্র্যান্ড স্লাম জয়ের রেকর্ডেও ভাগ বসান। এ বছরই ৪ গ্র্যান্ড স্লামের ৩টি জিতেন জোকোভিচ।



■ **নারী :** একই কোর্টে রং ছড়ালেন গফ। একুশ শতকের প্রথম আমেরিকান টিনএজার এবং দ্বিতীয় সর্বকনিষ্ঠ আমেরিকান হিসেবে ইউএস ওপেনের নারী এককে প্রথম শিরোপা লাভ করেন ১৯ বছর বয়সি কোকো গফ। এর আগে এটি ছিল সেরেনা উইলিয়ামসের (১৮ বছর) রেকর্ড।

## পেলেকে ছাড়িয়ে নেইমার

৯ সেপ্টেম্বর ২০২৩ বলিভিয়ার বিপক্ষে গোল করে ব্রাজিলের জার্সিতে ফুটবলের রাজা পেলের সর্বোচ্চ গোলের (৭৭) রেকর্ডটিকে নিজের করে নেন নেইমার জুনিয়র (৭৮)। ম্যাচের শেষ দিকে আরেক গোল করে ১২৪ ম্যাচে মোট ৭৯ গোল করেন তিনি। কাতার বিশ্বকাপে ক্রোয়েশিয়ার বিপক্ষে গোল করে পেলের ৭৭ গোলের মাইলফলক স্পর্শ করেন নেইমার।

## ক্রিকেটের প্রথম লাল কার্ড নারাইনের

২৭ আগস্ট ২০২৩ ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগে (CPL) লাল কার্ড দেখে মাঠ ছাড়তে হয় ত্রিনবাগো নাইট রাইডার্সের সুনীল নারাইনকে। মন্থর ওভার রেটের শাস্তি হিসেবে শেষ ওভারটা একজন কম নিয়ে খেলতে হয় ত্রিনবাগোকে। CPL-এ নির্ধারিত সময়ের মধ্যে কোনো দল ১৮তম ওভার শুরু করতে ব্যর্থ হলে ৩০ গজের ভিতরে সর্বনিম্ন ৫ জন, ১৯তম ওভার শুরু করতে দেরি করলে সর্বনিম্ন ৬ জন এবং ২০তম ওভার দেরিতে করলে পাবে লাল কার্ড। তখন ১ জন ফিল্ডারকে মাঠের বাইরে যেতে হবে এবং ৩০ গজের মধ্যে থাকবে সর্বনিম্ন ৬ জন।

## বিশ্ব অ্যাথলেটিক চ্যাম্পিয়নশিপ

১৯-২৭ আগস্ট ২০২৩ হাঙ্গেরির রাজধানী বুদাপেস্টে অনুষ্ঠিত হয় ১৯তম বিশ্ব অ্যাথলেটিক চ্যাম্পিয়নশিপ। সর্বোচ্চ পদকজয়ী ৫টি দেশ—

| র‍্যাঙ্ক | স্বর্ণ | সিলভার | ব্রোঞ্জ | মোট |
|---|---|---|---|---|
| যুক্তরাষ্ট্র | ১২ | ৮ | ৯ | ২৯ |
| কানাডা | ৪ | ২ | ০ | ৬ |
| স্পেন | ৪ | ১ | ০ | ৫ |
| জ্যামাইকা | ৩ | ৫ | ৪ | ১২ |
| কেনিয়া | ৩ | ৩ | ৪ | ১০ |

■ দ্রুততম মানব-মানবী





১০০ মিটার ও ২০০ মিটারের পর ৪×১০০ মিটার রিলের সোনা জিতে দ্রুততম মানব এবং হ্যাটট্রিক করেন যুক্তরাষ্ট্রের নোয়াহ লাইলস। এর আগে ২০১৫ সালে জ্যামাইকার হয়ে এই কীর্তি গড়েন উসাইন বোল্ট। ১০০ মিটার স্প্রিন্টে বিশ্বের নতুন দ্রুততম মানবি হন যুক্তরাষ্ট্রের শা'কারি রিচার্ডসন। ২০০৭ সালের পর এবারই প্রথম ছেলে-মেয়ে দুই বিভাগের ১০০ মিটার রিলে সোনা জিতে যুক্তরাষ্ট্র।

## এশিয়া কাপ ২০২৩




আয়োজন : ১৬তম ▌সময়কাল : ৩০ আগস্ট-১৭ সেপ্টেম্বর ২০২৩ ▌আয়োজক : এশিয়ান ক্রিকেট কাউন্সিল (ACC) ▌ফরম্যাট : ওয়ানডে ইন্টারন্যাশনাল ▌স্বাগতিক : পাকিস্তান ও শ্রীলংকা ▌ভেন্যু : ৪টি— লাহোর, মুলতান, কলম্বো ও ক্যান্ডি ▌অংশগ্রহণকারী দল : ৬টি ▌মোট ম্যাচ : ১৩টি ▌চ্যাম্পিয়ন : ভারত (৮ম বার) ▌রানার্স আপ : শ্রীলংকা ▌সর্বোচ্চ উইকেট : মাথিসা পাথিরানা (শ্রীলংকা); ১১ ▌সর্বোচ্চ রান : শুভমান গিল (ভারত); ৩০২ ▌ম্যান অব্য দা টুর্নামেন্ট : কুলদীপ যাদব (ভারত)।

■ পরিসংখ্যানে এশিয়া কাপ ➤ দলীয় সর্বোচ্চ : ৩৮৫/৭; পাকিস্তান, ডাম্বুলা, ২০১০ ▌দলীয় সর্বনিম্ন : ৫০; শ্রীলংকা, কলম্বো, ২০২৩ ▌সবচেয়ে বেশি রান : ১২২০; সনাৎ জয়াসুরিয়া, শ্রীলংকা ▌ব্যক্তিগত সর্বোচ্চ : ১৮৩; বিরাট কোহলি, ভারত, ২০১২ ▌সবচেয়ে বেশি উইকেট : ৩০; মুত্তিয়া মুরালিধরন, শ্রীলংকা ▌সেরা বোলিং : ৬/১৩; অজন্তা মেন্ডিস, শ্রীলংকা, ২০০৮ ▌সবচেয়ে বেশি ম্যাচ : ২৮; মাহেলা জয়াবর্ধনে, শ্রীলংকা (২০০০-২০১৪)।

■ বাংলাদেশের খেরো খাতা ➤ অংশগ্রহণ : ১৫ বার (১৯৮৬-২০২৩) • আয়োজক : ৫ বার • সেরা অর্জন : ৩ বার রানার্সআপ (২০১২, ২০১৬ ও ২০১৮) • ম্যাচ জয় : ওয়ানডে ফরম্যাটে ৪৮ মাচে অংশ নিয়ে জিতেছে ৯টিতে। টি-২০ ফরম্যাটে ৭ ম্যাচ খেলে জয় ৩টিতে।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

বইমেট.কম



# বিশ্বকাপ ক্রিকেট ২০২৩

আয়োজন : ১৩তম ♦ আয়োজক : আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC) ♦ সময়কাল : ৫ অক্টোবর-১৯ নভেম্বর ২০২৩ ♦ স্বাগতিক : ভারত ♦ অংশগ্রহণকারী দেশ : ১০টি ♦ মোট ভেন্যু : ১০টি ♦ মোট ম্যাচ : ৪৮টি ♦ উদ্বোধনী ম্যাচ : ৫ অক্টোবর ২০২৩; ইংল্যান্ড ও নিউজিল্যান্ড (নরেন্দ্র মোদি স্টেডিয়াম, আহমেদাবাদ) ♦ ফাইনাল ম্যাচ : ১৯ নভেম্বর ২০২৩ (নরেন্দ্র মোদি স্টেডিয়াম, আহমেদাবাদ)।

ICC MEN'S CRICKET WORLD C
INDIA 2023

## বিশ্বকাপ লোগো

২ এপ্রিল ২০২৩ এবারের ওয়ানডে বিশ্বকাপ লোগো উন্মোচন করা হয়। লোগোর নাম দেওয়া হয় নাভারাসা। সংস্কৃতিতে নাভা শব্দের অর্থ ৯; আর রাসা শব্দের অর্থ আবেগ। অর্থাৎ মানুষের ৯টি আবেগকে সমন্বয় করেই বিশ্বকাপ লোগোর নাম দেওয়া হয় নাভারাসা।

## অংশগ্রহণকারী ১০ দল

আফগানিস্তান, অস্ট্রেলিয়া, বাংলাদেশ, ইংল্যান্ড, নেদারল্যান্ডস, নিউজিল্যান্ড, ভারত, পাকিস্তান, দক্ষিণ আফ্রিকা ও শ্রীলংকা। উল্লেখ্য, ১৯৭৫ ও ১৯৭৯ সালের শিরোপাজয়ী ওয়েস্ট ইন্ডিজ দল এবারের বিশ্বকাপের বাছাই পর্ব থেকে বাদ পড়ে।

## আম্পায়ার

৮ সেপ্টেম্বর ২০২৩ আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC) বিজ্ঞপ্তি দিয়ে ভারত বিশ্বকাপের জন্য ম্যাচ অফিশিয়ালদের নাম ঘোষণা করে। আম্পায়ারদের এমিরেটস এলিট প্যানেলের ১২ জন এবং ICC উদীয়মান আম্পায়ার প্যানেলের ৪ সদস্যসহ মোট ১৬ জনের নাম ঘোষণা করে। তারা হলেন— অস্ট্রেলিয়া : পল রাইফেল, রড টাকার ও পল উইলসন ♦ বাংলাদেশ : শরফুদ্দৌলা ইবনে শহীদ সৈকত ♦ ইংল্যান্ড : মাইকেল গফ, রিচার্ড ইলিংওয়ার্থ, রিচার্ড কেটলবরো ও অ্যালেক্স ওয়ার্ফ ♦ ভারত : নিতিন মেনন ♦ নিউজিল্যান্ড : ক্রিস গ্যাফানি ও ক্রিস ব্রাউন ♦ পাকিস্তান : আহসান রাজা ♦ দক্ষিণ আফ্রিকা : মারাইস ইরাসমাস ও অ্যাড্রিয়ান হোল্ডস্টক ♦ শ্রীলংকা : কুমার ধর্মসেনা ♦ ওয়েস্ট ইন্ডিজ : জোয়েল উইলসন।

## ম্যাচ রেফারি

জাভাগল শ্রীনাথ (ভারত), জেফ ক্রো (নিউজিল্যান্ড), রি রিচার্ডসন (ওয়েস্ট ইন্ডিজ) ও অ্যান্ডি পাইক্রফট (জিম্বাবুয়ে

## বিশ্বকাপ ট্রফির বিশ্বভ্রমণ

২৭ জুন-৪ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত বিশ্বকাপ ট্রফি বিশ্বভ্র করে। এ সময়কালে ৫টি মহাদেশের ১৮টি দেশ ভ্রমণ ক ট্রফিটি। এর মধ্যে ৭-৯ আগস্ট ২০২৩ পর্যন্ত বিশ্বকা ট্রফিটি বাংলাদেশে অবস্থান করে। পাকিস্তান থেকে শ্রীলং হয়ে আসে বাংলাদেশে। প্রথমদিন পদ্মা সেতুর পা ফটোসেশন হয়। দ্বিতীয় দিন ঢাকার মিরপুরে শেরেবাং জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে এবং তৃতীয় দিন ঢাকার বসুন্ধ সিটি শপিং মলে সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখা হয়।

## যে স্টেডিয়ামে খেলা হবে

| স্টেডিয়ামের নাম | ভেন্যু | ম্যাচ |
|---|---|---|
| নরেন্দ্র মোদি | আহমেদাবাদ | ৫ |
| এম. চিন্নাস্বামী | বেঙ্গালুরু | ৫ |
| এম.এ. চিদম্বরম | চেন্নাই | ৫ |
| অরুণ জেটলি | দিল্লি | ৫ |
| হিমাচল প্রদেশ ক্রিকেট সংস্থা | ধর্মশালা | ৫ |
| রাজীব গান্ধী | হায়দ্রাবাদ | ৩ |
| ইডেন গার্ডেনস | কলকাতা | ৫ |
| বিআরএসএবিভি একনা | লক্ষ্ণৌ | ৫ |
| ওয়াংখেড়ে | মুম্বাই | ৫ |
| মহারাষ্ট্র ক্রিকেট এসোসিয়েশন | পুনে | ৫ |

## একনজরে বিশ্বকাপ ক্রিকেট

| ক্রম | সময়কাল | চ্যাম্পিয়ন | রানার্সআপ | চ্যাম্পিয়ন অধিনায়ক | দল |
|---|---|---|---|---|---|
| ১ম | ৭-২১ জুন ১৯৭৫ | ওয়েস্ট ইন্ডিজ | অস্ট্রেলিয়া | ক্লাইভ লয়েড | ৮ |
| ২য় | ৯-২৩ জুন ১৯৭৯ | ওয়েস্ট ইন্ডিজ | ইংল্যান্ড | ক্লাইভ লয়েড | ৮ |
| ৩য় | ৯-২৫ জুন ১৯৮৩ | ভারত | ওয়েস্ট ইন্ডিজ | কপিল দেব | ৮ |
| ৪র্থ | ৮ অক্টোবর-৮ নভেম্বর ১৯৮৭ | অস্ট্রেলিয়া | ইংল্যান্ড | অ্যালান বোর্ডার | ৮ |
| ৫ম | ২২ ফেব্রুয়ারি-২৫ মার্চ ১৯৯২ | পাকিস্তান | ইংল্যান্ড | ইমরান খান | ৯ |
| ৬ষ্ঠ | ১৪ ফেব্রুয়ারি-১৭ মার্চ ১৯৯৬ | শ্রীলংকা | অস্ট্রেলিয়া | অর্জুনা রানাতুঙ্গা | ১২ |
| ৭ম | ১৪ মে-২০ জুন ১৯৯৯ | অস্ট্রেলিয়া | পাকিস্তান | স্টিভ ওয়াহ | ১২ |
| ৮ম | ৯ ফেব্রুয়ারি-২৩ মার্চ ২০০৩ | অস্ট্রেলিয়া | ভারত | রিকি পন্টিং | ১৪ |
| ৯ম | ৩ মার্চ-২৮ এপ্রিল ২০০৭ | অস্ট্রেলিয়া | শ্রীলংকা | রিকি পন্টিং | ১৬ |
| ১০ম | ১৯ ফেব্রুয়ারি-২ এপ্রিল ২০১১ | ভারত | শ্রীলংকা | মাহেন্দ্র সিং ধোনি | ১৪ |
| ১১তম | ১৪ ফেব্রুয়ারি-২৯ মার্চ ২০১৫ | অস্ট্রেলিয়া | নিউজিল্যান্ড | মাইকেল ক্লার্ক | ১৪ |
| ১২তম | ৩০ মে-১৪ জুলাই ২০১৯ | ইংল্যান্ড | নিউজিল্যান্ড | ইয়ন মরগান | ১০ |

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

# পরিসংখ্যানে বিশ্বকাপ ক্রিকেট (১৯৭৫-২০১৯)

মোট আসর : ১২টি • ম্যাচ : ৪৫৩টি • সেঞ্চুরি : ১৯৬টি • হ্যাটট্রিক : ১১টি • বিশ্বকাপ ক্রিকেটে অংশগ্রহণকারী দেশ ২০টি • ১২টি বিশ্বকাপেই অংশগ্রহণকারী দেশ ৭টি— ইংল্যান্ড, অস্ট্রেলিয়া, ওয়েস্ট ইন্ডিজ, পাকিস্তান, ভারত, নিউজিল্যান্ড ও শ্রীলংকা • স্বাগতিক দেশ হিসেবে চ্যাম্পিয়ন শ্রীলংকা (১৯৯৬), ভারত (২০১১), অস্ট্রেলিয়া (২০১৫) এবং ইংল্যান্ড (২০১৯)।

■ দলীয় রেকর্ড

সর্বোচ্চ রান : ৪১৭/৬; অস্ট্রেলিয়া; বিপক্ষ আফগানিস্তান; ২০১৫ | সর্বনিম্ন রান : ৩৬ রান; কানাডা; বিপক্ষ শ্রীলংকা; ২০০৩ | রানের ব্যবধানে সবচেয়ে বড় জয় : ২৭৫ রানে; অস্ট্রেলিয়া; বিপক্ষ আফগানিস্তান; ২০১৫ | সবচেয়ে কম রানের ব্যবধানে জয় : ১ রানে; অস্ট্রেলিয়া ২ বার; বিপক্ষ ভারত; ১৯৮৭ ও ১৯৯২ | সর্বাধিক জয় : ৬৯টি; অস্ট্রেলিয়া • সর্বাধিক পরাজয় : ৪২টি; জিম্বাবুয়ে | একটানা সর্বাধিক জয় : ২৫টি; অস্ট্রেলিয়া [১৯৯৯-২০১১] | একটানা পরাজয় : ১৮টি; জিম্বাবুয়ে [১৯৮৩-১৯৯২] | সর্বোচ্চ রান তাড়া করে জয় : ৩২৯/৭ আয়ারল্যান্ড; ইংল্যান্ডের বিপক্ষে | এক ম্যাচে সর্বোচ্চ রান : ৭১৪; অস্ট্রেলিয়া-বাংলাদেশ; ২০১৯।

■ ব্যাটিং রেকর্ড



সর্বাধিক রান : ৪৫ ম্যাচে ২,২৭৮ রান; শচীন টেন্ডুলকার (ভারত) [১৯৯২-২০১১] • দ্রুততম সেঞ্চুরি : ৫০ বলে; কেভিন ও'ব্রায়ান (আয়ারল্যান্ড); বিপক্ষ ইংল্যান্ড; ২০১১ • দ্রুততম হাফ সেঞ্চুরি : ১৮ বলে; ব্রেন্ডন মাককালাম (নিউজিল্যান্ড) বিপক্ষ ইংল্যান্ড; ২০১৫ • সর্বাধিক সেঞ্চুরি : ৬টি; শচীন টেন্ডুলকার (ভারত) [১৯৯২-২০১১] এবং রোহিত শর্মা (ভারত) [২০১৫-২০১৯] • সর্বাধিক হাফ সেঞ্চুরি : ২১টি; শচীন টেন্ডুলকার (ভারত) [১৯৯২-২০১১] সর্বাধিক ছক্কা : ৪৯টি; ক্রিস গেইল (ওয়েস্ট ইন্ডিজ) [২০০৩-২০১৯] • এক টুর্নামেন্টে সর্বাধিক ছক্কা : ১৭টি; এডইন মরগান (ইংল্যান্ড); ২০১৯ • ইনিংসে সর্বোচ্চ রান : অপরাজিত ২৩৭ রান; মার্টিন গাপটিল (নিউজিল্যান্ড); বিপক্ষ ওয়েস্ট ইন্ডিজ; ২০১৫ • সর্বোচ্চ জুটি : ৩৭২ রান; ক্রিস গেইল ও মারলন স্যামুয়েলস (ওয়েস্ট ইন্ডিজ); দ্বিতীয় উইকেট জুটিতে জিম্বাবুয়ের বিপক্ষে; ২০১৫ • এক টুর্নামেন্টে সর্বোচ্চ রান : ১১ ম্যাচে ৬৭৩ রান; শচীন টেন্ডুলকার (ভারত); ২০০৩।



■ বোলিং রেকর্ড

সর্বোচ্চ উইকেট : ৩৯ ম্যাচে ৭১ উইকেট; গ্লেন ম্যাকগ্রা (অস্ট্রেলিয়া) [১৯৯৬-২০০৭] | এক টুর্নামেন্টে সর্বাধিক উইকেট : ১০ ম্যাচে ২৭টি; মিচেল স্টার্ক (অস্ট্রেলিয়া); ২০১৯।

## বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশ

১৯৯৯ সালে ইংল্যান্ডে অনুষ্ঠিত সপ্তম ওয়ানডে বিশ্বকাপ আসরে প্রথমবারের মতো অংশগ্রহণ করে বাংলাদেশ। ২০২৩ সালে ভারতে অনুষ্ঠিত বিশ্বকাপে ৭ম বারের মতো অংশগ্রহণ করবে বাংলাদেশ। এ প্রেক্ষাপটে জেনে নিন বিশ্বকাপ ক্রিকেট বাংলাদেশের আপ টু ডেট [১৯৯৯-২০১৯]।

♦ মোট ম্যাচ ৪২টি ➤ জয় : ১৪টি • পরাজয় : ২৫টি • ফলাফল হয়নি : ১টিতে • পরিত্যক্ত : ২টি।

♦ ইনিংস ➤ সর্বোচ্চ : ৩৩৩/৮; বিপক্ষ অস্ট্রেলিয়া; ২০ জুন ২০১৯; নটিংহ্যাম • সর্বনিম্ন : ৫৮; বিপক্ষ ওয়েস্ট ইন্ডিজ; ৪ মার্চ ২০১১; ঢাকা।

♦ জয় ➤ সর্বোচ্চ রানে : ১০৫ রানে; বিপক্ষ আফগানিস্তান; ১৮ ফেব্রুয়ারি ২০১৫; ক্যানবেরা • সর্বনিম্ন রানে : ১৫ রানে; বিপক্ষ ইংল্যান্ড; ৯ মার্চ ২০১৫; অ্যাডিলেড।



♦ ম্যান অব দ্য ম্যাচ : ৯ জনে ১৩ বার। সর্বাধিকবার ম্যান অব দ্য ম্যাচ : সাকিব আল হাসান; ৩ বার (দুবার করে ম্যান অব দ্যা ম্যাচ হন মোহাম্মদ আশরাফুল ও ইমরুল কায়েস)।

♦ সর্বাধিক রান : সাকিব আল হাসান; ২৯ ম্যাচে ১,১৪৬ রান [২০০৭-২০১৯]।

♦ ইনিংসে সর্বোচ্চ ব্যক্তিগত রান : ১২৮; মাহমুদুল্লাহ রিয়াদ; বিপক্ষ নিউজিল্যান্ড; ১৩ মার্চ ২০১৫; হ্যামিল্টন।

♦ শতরান : ৫টি; ৩ জন— মাহমুদুল্লাহ রিয়াদ ও সাকিব আল হাসান ২টি করে এবং মুশফিকুর রহিম ১টি।

♦ সর্বাধিক উইকেট : সাকিব আল হাসান; ২৯ ম্যাচে ৩৪টি [২০০৭-২০১৯]।

♦ সেরা বোলিং : সাকিব আল হাসান; ৫/২৯; বিপক্ষ আফগানিস্তান; ২৪ জুন ২০১৯; সাউদাম্পটন।

♦ সর্বাধিক ক্যাচ : সৌম্য সরকার; ১৪ ম্যাচে ১৩টি [২০১৫-২০১৯]।

♦ সর্বাধিক ম্যাচ : সাকিব আল হাসান, মুশফিকুর রহিম ও তামিম ইকবাল; ২৯টি [২০০৭-২০১৯]।

♦ অধিনায়ক হিসেবে সর্বাধিক ম্যাচ : মাশরাফী বিন মোর্ত্তজা; ১৫ ম্যাচ [২০১৫-২০১৯]।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

...লের প্রথম প্রেসিডেন্ট চাইম ওয়াইজম্যান (Chaim Weizmann)